

प्राङ्गी



Celebrating

Indian Space Research Organization

SARABHAI TO CHANDRAYAAN - 2

**CALCUTTA UNIVERSITY ALUMNI ASSOCIATION
GREATER WASHINGTON DC
2019**



MAKE THIS SCHOOL YEAR **GREATER THAN** LAST YEAR!


As your child gears up to head back to school, Mathnasium is here to help set the stage for success!

Our unique teaching method is designed to strengthen math foundations, boost confidence, and ultimately, make math make sense.

Whether your child is ahead of the curve, performing at grade level, or falling behind, together, we can make this school year **greater than** last year!



**\$50 OFF
FIRST
MONTH
TUITION!**



MAtHNASIUM[®]
The Math Learning Center

Mathnasium of Germantown

18072 Mateny Rd ,
Germantown MD 20874
(301) 363-4744
germantownmd@mathnasium.com

Mathnasium of Rockville

20 Courthouse Square # 106,
Rockville MD 20850
(301) 768-4255
rockville@mathnasium.com

Mathnasium of Potomac

10232-B River Road,
Potomac MD 20854
301-747-6284
potomac@mathnasium.com

Mathnasium of North Potomac

12150 Darnestown Rd.,
North Potomac MD 20878
(240) 252-1184
northpotomac@mathnasium.com

Mathnasium of Ellicott City

3290 Pine Orchard Lane # B,
Ellicott City MD 21042
443-863-MATH (6284)
ellicottcity@mathnasium.com

প্রাক্তনী

PRAKTONI

2019



Annual Magazine

Volume 9

*Calcutta University Alumni Association
Greater Washington DC*

www.cuaa-dc.org

সম্পাদনা, প্রচ্ছদ ও অলঙ্করণ

দেবাজন বিশ্বাস

সম্পাদনা সহায়তা

ধুব চট্টরাজ, শুক্লা গাঙ্গুলী

পরিচালক মণ্ডলী

ধুব চট্টরাজ, তপন বেরা, সখিা ঘোষ, মিতালী সাহা, সুজয় লাহিড়ী

উপদেষ্টা পরিষদ

অদর্শা প্রধান, বিধানচন্দ্র বন্দ্যোপাধ্যায়, দিলীপ সোম, তারক ভড়

নির্বাচন কর্মসমিতি

দেবকুমার চট্টোপাধ্যায়, রাধেশ্যাম দে, অক্ষয় বসু

প্রকাশনা

কলকাতা বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সংঘ
বৃহত্তর ওয়াশিংটন ডি. সি.

সূচীপত্র

শিরোনাম

From The President's Corner
Baba
গভীর নির্জন পথে
অভিযোগ
Sarabhai to Chandrayaan – 2: Following ISRO's Journey
in Space & Time
Remembering an Old Friend
নাইট ক্লাব
Microbes and the Genesis of Impossible Burgers
Homework Oh My Homework
New Kolkata
Indo-Chinese Spiritual Relationship During the Ancient and Modern
Times: A Review of Three Contemporary Travel Books that Use
Extensive Historical Records
A Two Million Dollar Therapy
মা
শব্দ-খেলা
Almost Heaven Next Door: A Glimpse of West Virginia
যা হারিয়ে যায়
Founding American Association of Indian Scientists In Cancer
Research: A Gratifying Experience
বৃষ্টির মরশুম
ভালবাসা ইস্কুল
One Day at the USCIS
Gandhi Was Not A Racist
আতিথেয়তা - দেশে বিদেশে
ধোঁয়াশা
Memorable Trips To Cape Town And Kruger National Park In The
Charming Lands Of South Africa
ভাড়াটে
মানুষ
In Search Of "Thakurbhai" – Stories From The Like and Times Of a
Forgotten Indian Renaissance Scientist
মোটো আর মুটি

লেখক/লেখিকা

Dhruba K Chattoraj ৪
Koyel Bhattacharyya ৫
দেবাজন বিশ্বাস ৭
রঞ্জিত দাশগুপ্ত ১০
Sanghamitra Dutta ১১

Tanuka Endow ১৫
সোমনাথ বস্বী ১৬
Dhruba K Chattoraj ১৯
Trinish Jha ২২
Jayasree Basu ২২
Mainak Mazumdar ২৩

Bratin Saha ২৭
নন্দিতা দাশগুপ্ত ৩২
নন্দিতা দাশগুপ্ত ৩২
Sumitra Mitra Reddy ৩৩
রঞ্জিত দাশগুপ্ত ৩৬
Aniruddha Ganguly ৩৮

যশোমান ব্যানার্জি ৪১
যশোমান ব্যানার্জি ৪১
Dipa Sarkar-Dey ৪২
Arun Guha ৪৪
ভারতী মিত্র ৪৮
সুতপা বসু রায় ৫০
Mrinal K. Dewanjee ৫১

শান্তনু দাশগুপ্ত ৫৪
শুক্লা গাঙ্গুলি ৫৮
Santanu Dutta ৫৯
চন্দ্রানী রায়-সরকার ৬৫

পৃষ্ঠা

From The **PRESIDENT'S CORNER**

Dear Alumni and Friends:

You may have heard of the terrible loss that CUAA-DC suffered this year with the untimely passing of our dear alumnus, Lokesh Bhattacharyya. Lokesh's dynamic personality had such an impact on us that although it has been more than a month, it is hard to believe that he is no longer with us. Lokesh contributed to CUAA-DC in multiple ways: he was a BOD, organized children's programs and *shruti natoks*, and founded and nurtured Praktoni. Lokesh was a quintessential Bengali - although a brilliant student of science, he had equal passion for arts and culture. He was classy no matter what he chose to do. Many of us knew him as a person of strong conviction, a personality molded by exhaustive reading and deep thinking. CUAA-DC will always remain indebted to him. I felt a similar loss when we prematurely lost Ranjitda (DasGupta), one of the founders of the association. There will be two articles in this issue by those who knew him better, which will elaborate on the life and accomplishments of this multitalented human being.

The past year has been another year where we failed to live up to the ideals with which the association was created, that is to do some good for our alma matter. Nonetheless, the support of the community to our association is continuing unabated. We had near record participation in our November get together last year and summer picnic this year. We were overwhelmed by your response to our call for articles for Praktoni and donations to defray its cost for printing. Thank you all. Although at the moment our activities have been limited to two social events and publication of Praktoni, we remain committed so that our association remains a place for hope and provides a platform for future worthwhile activities. Our optimism is kept alive by reading articles like the one by Aniruddha Ganguly in this issue of Praktoni, which is a testament of what individuals can accomplish. My belief in CUAA got a real boost as we speak, thanks to our alumnus, Abhijit Banerjee.

I want to take this opportunity to convey my sincere thanks particularly to my fellow BODs, and Debanjan Biswas. Debanjan has been co-editing Praktoni with Lokesh since its inception and willingly took over the full responsibility of editing and publishing Praktoni this year. As always, we are deeply grateful to all the volunteers for their spontaneous help particularly in managing our social events.

Best wishes,

Dhruba K. Chattoraj

BABA

Koyel Bhattacharyya

“I miss you,” I told Baba on Sunday at the hospital, choking back tears.

“I’m making you miss me too soon, aren’t I?” he replied, eyes half-closed through pain and exhaustion.

Lokesh Bhattacharyya passed away on Tuesday 17 September at the age of 66, after a nine-month battle against neuroendocrine and lung cancer. He was many things to many people, but to me, he was Baba. He was the Baba who sang me to sleep with an off-key rendition of “Dhono dhanya.” He was the Baba who brought cupcakes to summer camp for my birthday. He was the Baba who was proud of my every accomplishment as I grew older, and who was careful to tell me on his last day of consciousness, “Make sure you work hard. Work hard.”

To you, he was Lokeshda, an integral part of the Bengali community of the DC area. He was the Lokesh kaku who directed children in plays. He was the Lokeshda who acted in sruti natak and organized nights of poetry and music devoted to Mother India, who had read and reread every work by Tagore, whose love for literature drove him to write short stories himself. But he was also a scientist. As Dr Bhattacharyya, a lab chief at the FDA, he devoted his professional life to upholding the high quality of vaccines and blood products, and he demanded nothing less than the best work that his employees could deliver. And yet, despite his exigence, he was beloved in the office. He stood by his employees, and he fought hard to make sure that each and every one of them received the recognition that he or she deserved. His position

at the FDA also permitted him to help people in the Bengali community. Anytime someone in a chemistry-related field needed a career push, everyone said, “Go talk to Lokeshda,” and he was always ready to help.

He was a man of science even outside of his profession. He applied the same logical, experimental mindset to every aspect of his life. And he insisted that his body be used for research; even in death, his heart was set on helping people through science. After his death, his body went to the NIH for study in an oncology lab.



Born in Kolkata in 1952, Baba attended Narendrapur College for chemistry. He taught at St Xavier’s College for six years before

moving to New York with my mother. He started his career in the US at the Albert Einstein College of Medicine, then continued at Merck in Philadelphia, then finally came to the DC area in 2000 to work at the US Pharmacopeia. Over the past 19 years here, he integrated himself with the Bengali community, both through his literary interests and knowledge and his big personality.

In January, he was hit with a shock when he was diagnosed with Stage 3 neuroendocrine cancer. When he told me over the phone, I was terrified, but he sounded buoyant and optimistic. “Are you scared?” I asked him. “Of what?” he replied. “I’ll get chemo. If it works, great. If not, what will being scared do about it?” I was less sanguine than that, and waited breathlessly for the five-month course of chemo to end. Near the beginning, he tolerated the chemo admirably. He felt little nausea, little

exhaustion; we all thought that perhaps this was how the full five months would proceed. But with every subsequent bout of chemo, he felt worse. A little more nausea. A little more exhaustion. A lot less hair. I kept asking him to work from home. "You're tired," I would tell him. "You're immunocompromised." But it was important to him to go to work. "I'll work from home when I'm *really* sick," he would tell me airily, as if having Stage 3 cancer didn't count as being *really* sick. When the last round was over, a PET scan showed him to be cancer-free. We were thrilled that the chemo had worked. He had beaten cancer, we thought. He could go back to his regular life. But just two months later, he began to lose his voice, and he grew short of breath. A scan showed that the cancer had come back with a vengeance. He was now diagnosed with Stage 4 lung cancer. His body was desperately low on oxygen, and one of his vocal cords was paralyzed. He was quickly hospitalized at Suburban Hospital on 30 August. My mother sat with him at the hospital all day, every day, and when I arrived in Maryland, I did, too. For the first few days, it seemed like he was getting much better. His oxygen levels stabilized nicely, and after a few days of restricted movement, he was able to walk through the hallways of the Progressive Care Unit a couple times a day. He received a new round of chemo. Having seen how well his body had responded to chemo the first time around, we were optimistic it would work again.

In the hospital room, he worked at his lab-issued laptop, making sure that his research groups could function well in his absence. Anytime he wasn't working, he read books. His mind was still as sharp and curious as always. He had a constant stream of visitors, and even though it hurt his throat to talk, he loved it. He loved the affection that everyone felt for him, and he enjoyed being part of the community, even though he was stuck in a hospital bed.

About a week and a half in, things started to turn for the worse. His white blood cell count plummeted; his legs lost muscle mass; his lungs

lost all the ability to use oxygen that they had seemed to regain in his first week of hospitalization. He couldn't even stand up on his own anymore, though he didn't stop trying. "Your father is a firecracker!" the nurses told me. "He just wants to do everything himself."

During his last few days of consciousness, he was extremely tired and often delirious. He wanted to go home. He fixated on imaginary tasks. But he had periods of lucidity. "Why is this happening to me?" he asked once, in between groups of visitors. And another time, "I will die tomorrow or the day after."

On Sunday night, we hugged and kissed goodbye. The next day, he was completely unresponsive, and the following morning, true to his prediction, he passed away. The corridor outside his room was packed with loved ones from both the Bengali community and his workplace. We sat by his cooling body and stiffening limbs for hours until it was time for us to leave him for the last time. It is in times of hardship that you best understand what someone means to a community, and the mind-blowing level of attention and commitment we received in Baba's time of need really brought home to me how beloved he truly was. His room was packed every single day; visitors had to be discouraged from coming when his immune system grew especially weak. Mashis cooked us food so my mother and I didn't have to worry about feeding ourselves. Kakus came and stayed the night with Baba in a show of unbelievable generosity of time and effort, just so my mother and I could go home and sleep. And in the days since his passing, our house has been full of coffee and cake and tears and laughter as you have come by with hugs and comfort to help us through these dark times. To those of you who have been with us when we most needed you: Thank you. We can never thank you enough.

So I'll miss Baba. And I'll miss him too early. And this amazing community of people, this family in a country where most of our families are far away, will miss him, too.

গভীর নির্জন পথে

দেবাজ্ঞান বিশ্বাস

সেদিন একটা ই-মেল থেকে জানতে পেরেছিলাম যে নর্দার্ন ভার্জিনিয়ার ফেয়ারফ্যাক্স শহরে একজনের বাড়ির গানের আসর বসবে। নিউ ইয়র্ক শহর থেকে এক সঙ্গীত শিল্পী এসেছেন। তাঁকে নিয়েই বসবে ঘরোয়া জলসা। খুব বেশি দিন হয় নি চাকরি নিয়ে এসেছি এই বৃহত্তর ওয়াশিংটন ডিসি অঞ্চলে, পরিচিতির গণ্ডিটা তাই বেশ সীমিত। শনিবার সন্ধ্যাবেলা হাতে বিশেষ কাজ নেই, তাই গিয়ে হাজির হয়েছিলাম সেই আসরে গান শুনতে। বাড়ির বেসমেন্টে চেয়ার পেতে শ্রোতাদের বসবার ব্যবস্থা। তখনও অনুষ্ঠান শুরু হয় নি, আমার পাশের চেয়ারে এসে বসলেন মাঝবয়সি এক ভদ্রলোক। লম্বা চওড়া চেহারা, মাথায় কোঁকড়ানো চুল, মুখটা হাসি হাসি। নিজে থেকে আগ বাড়িয়ে আলাপ করব কি করব না এই দোলাচলে রয়েছে,



ভদ্রলোক নিজেই পরিচয় দিয়ে ভরাট গলায় বললেন, “আমার নাম লোকেশ ভট্টাচার্য। আপনি কি এই অঞ্চলে নতুন, আগে কখনও দেখা হয়েছে বলে তো মনে পড়ছে না?”

আলাপের সূত্রপাত হল। কথায় কথায় জানলাম লোকেশবাবু FDA-র উচ্চপদে আসীন, ব্লাড প্রডাক্ট ও ভ্যাক্সিন ডিভিশনের ল্যাব চিফ। ভদ্রলোক আর আমার গবেষণার বিষয় অনেকটাই একরকম, পেশাগত ভাবে আমার দুজনেই অ্যানালিটিক্যাল কেমিস্ট। কাজেই আলাপ ঘনীভূত হতে সময় লাগল না। কিছুক্ষণ বাদেই শুরু হল গানের আসর। সেই গান যে আমার বিশেষ ভালো লাগছিল, তা বলতে পারি না। শিল্পীর উচ্চারণ বেশ দুর্বল - আধো আধো উচ্চারণে পাওয়া সেই রবীন্দ্রসঙ্গীত ভালো লাগার কোনও কারণও ছিল না। গান চলাকালীনই দু’একবার লোকেশবাবুর সাথে চোখাচোখি হল, মনে হল ভদ্রলোকও যেন একটু উশখুশ করছেন। অনুষ্ঠান শেষ হতে

আমি কিছু বলার আগেই লোকেশবাবু জিজ্ঞাসা করলেন, “গান কেমন লাগল?”

সদ্য পরিচয় হয়েছে, গান ভালো লাগে নি বললে যদি ভদ্রলোক আঁতেল ভাবেন, তাই আমতা আমতা করে বললাম - ভালোই তো, মন্দ হয় নি....।

ভদ্রলোক আমার কানের কাছে মুখ এনে নিচু স্বরে বললেন, “গলায় সুর আছে, তবে উচ্চারণ বেশ বাজে”।

আমি আবাক হয়ে তাকাতেই তিনি সেই নিচু স্বরে মন্তব্য করলেন, “আজ শ্রাবণের পূর্ণিমাতে গানটায় শ্রাবণকে ‘সাবন’ উচ্চারণ করল, শুনলেন না?”

আমি ঠোঁট চেপে ফিক করে হেসে ফেলেছিলাম। ভদ্রলোকের গলার স্বর ভরাট, গভীর ও উচ্চগ্রামে আর কথাও বলেন স্পষ্ট করে কেটে কেটে। লোকেশবাবু মানুষটি অমায়িক, গলার স্বরটিও কম অ’মাইক’ নয়। মনে হল তাঁর ফিসফিস করে বলা কথাও দশ ফুট

অনুরাগ ও লোকেশদা

ব্যাসার্ধের মধ্যে থাকা সবাই বোধহয় শুনতে পেল। ভালো লেগে গেল মানুষটাকে।

গানের শেষে উপরের ফ্লোরে খাবার আয়োজন। খাবারের প্লেট নিয়ে আমার পাশেই ডাইনিং টেবিলে এসে বসলেন লোকেশবাবু। তাকিয়ে দেখি - তাঁর পাতে ডাল তারকারি মাছ, কিন্তু ভাত নেই।

অবাক হয়ে জিজ্ঞাসাই করে বসলাম, “ভাত ছাড়া মাছ তারকারি খাবেন কি দিয়ে?”

আমার দিকে তাকিয়ে তিনি বললেন, “আরে, ভাত তো খালি কার্ব, ওতে নিউট্রিশন কিছু নেই। আপনি তো কেমিস্ট, এসব তো আপনার ভালোই জানার কথা”।

জানি তো বিলক্ষণ, কিন্তু সামনে পাহাড়ের মতো চুড়ো করা এক প্লেট ভাত মাছ নিয়ে আমি তখন মহা ফাঁপরে।

দেঁতো হেসে আলতো করে বললাম, “হ্যাঁ, তা তো বটেই, যা বলেছেন...”

খানিক পরেই লোকেশবাবু আর একদফা খাবার আনতে গেলেন, ফিরে আসতে দেখি তাঁর পাতে ভাত আর পাঁঠার মাংস।

আমি থাকতে না পেরে বলেই ফেললাম, “সে কি, এই যে বললেন আপনি ভাত খান না?”

স্পষ্ট স্বরে উত্তর এলো, “পাঁঠার মাংস থাকলে ওসব ভাত না খাবার নিয়ম আমি মানি না। আরে ভাত পরোটা ছাড়া পাঁঠার মাংস খাওয়া যায় না কি, কি বলুন?”

এতটা দ্বিধাহীন ভাষায় নিজের বক্তব্যকে খন্ডন করতে আমি খুব কম লোককেই দেখেছি। স্পষ্ট ভাবে স্পষ্ট কথা বলতে তাঁর জুড়ি ছিল না। পরে তাঁর মুখেই একবার শুনেছিলাম যে নরম পরোটা দিয়ে কষা পাঁঠার মাংস ছিল তাঁর অন্যতম প্রিয় খাদ্য। ভদ্রলোককে ভালো লাগা যেন কয়েক গুন বেড়ে গিয়েছিল সেই মুহূর্তে।

লোকেশ ভট্টাচার্যর সাথে সেই ছিল আমার প্রথম পরিচয়। তারপরে সময়ের সাথে কখন যেন সেই প্রথম পরিচয় সখ্যে, আর সখ্য অন্তরঙ্গতায় পরিণত হয়েছিল। কিভাবে যে লোকেশবাবু আমার কাছে লোকেশদা আর আমি তাঁর কাছে আপনি থেকে তুমি হয়ে উঠেছিলাম, তা আজ আর মনে নেই। পেশাগত পরিচিতির বাইরে মানুষটি ছিল আন্তরিক ভাবেই সাহিত্যপ্রেমী ও তর্কিষ্ঠ পাঠক। এই অঞ্চলের ‘গদ্য পদ্যের আসর’-এর প্রধান কাণ্ডারি ছিল লোকেশদা। একটু আধটু লেখালেখি করি জানতে পেরে আমাকেও টেনে নিয়েছিল সেই গদ্য পদ্যের আসরে। স্বরচিত সাহিত্যপাঠের সেই আসর অনুষ্ঠিত হচ্ছে কিন্তু লোকেশদা অনুপস্থিত, এ যেন এক কষ্টকল্পনা। এমনও হয়েছে যে কোনও কারণে লোকেশদা আসতে পারে নি, কিন্তু আমাকে অনুরোধ করেছে আমার ল্যাপটপটি সাথে করে সেই আসরে নিয়ে যেতে। অনুপস্থিত লোকেশদাকে স্কাইপে সংযুক্ত করেছি আর মানুষটা দূরভাষে তাঁর লেখা পড়ে শুনিয়েছে, অন্য লেখকদের পাঠ শুনেছে। এই দেশ ও পশ্চিমবঙ্গের বহু পত্র পত্রিকায় লোকেশদার লেখা প্রায় নিয়মিত প্রকাশিত হয়েছে। বিগত বেশ কয়েকটি গদ্য পদ্যের আসরে লোকেশদা “আতঙ্ক” নামে একটা স্বরচিত অনু উপন্যাস পাঠ করছিল। সম্পূর্ণ হয়েছিল সেই লেখা - কিন্তু লোকেশদার পাঠে সেই উপন্যাস শোনা আমাদের অসম্পূর্ণ থেকে যাবে, গদ্য পদ্যের আসরের সভ্যদের কাছে এটা বড় বেদনার।

খালি সামাজিক পরিচিতি নয়, ব্যক্তিগত পরিসরেও সপরিবার লোকেশদার খুব কাছে এসে পড়েছিলাম আমরা। আমার ছেলেটাকে বড্ড স্নেহ করত মানুষটা। মনে পড়ে, বছর কয়েক আগের কথা - আমার ছেলেটাকে হাতেখড়ি দেওয়াতে হবে

‘সংস্কৃতি’র সরস্বতী পুজোয়। ছেলেকে নতুন কেনা পাঞ্জাবি পায়জামা পড়িয়ে, ব্যাগে স্নেট, খড়ি, বর্নপরিচয় নিয়ে আমরা হাজির পুজোর মণ্ডপে।

যখন হাতেখড়ি দেওয়ার ডাক এলো, ঠাকুরমশাই ব্যাভিঁদা জিজ্ঞাসা করলেন, “কে দেওয়াবে হাতেখড়ি?”

বললাম, “কেন, আমিই দেব”।

তোমার ছেলের হাতেখড়ি তো জীবনে এই একবারই হবে”।

মাথা নাড়লেন ব্যাভিঁদা, “না দেবাজ্ঞন, কোনও একজন বয়োজ্যেষ্ঠকে দিয়ে দেওয়াতে পারলে ভালো হয়”।

এটা তো আগে ভাবি নি, দেখা দিল এক নতুন সমস্যা। বয়োজ্যেষ্ঠ মানুষ তো চারপাশে অনেক রয়েছেন, কিন্তু বলি কাকে? স্ত্রীর দিকে এক পলক তাকালাম আর তারপরে আমরা দুজনেই একসাথে বলে উঠলাম, “চল, লোকেশদাকে গিয়ে বলা যাক”।

মনে হল আমাদের দু’জনের কাছেই লোকেশদা যাকে বলে অটোমেটিক চয়েস। কিন্তু চারপাশের এই ভিড়ের মধ্যে লোকেশদাকে খুঁজে পাই কোথায়? ঘাড় উঁচু করে এদিক ওদিক তাকিয়ে দেখি বিশাল ও জনাকীর্ণ সেই হলঘরের শেষ মাথায় একটা লম্বা টেবিলে বন্ধুদের সাথে জাঁকিয়ে বসে তাস খেলায় মগ্ন লোকেশদা।

কাছে গিয়ে বলতেই এক কথায় রাজি মানুষটা, “আনুরাগের হাতেখড়ি দেব, এতো ভারি আনন্দের বিষয়”।

হাতের তাস টেবিলে নামিয়ে রেখে আমাদের সাথে হনহন করে হাঁটা দিল লোকেশদা।

কিন্তু দু’এক পা এগিয়েই থমকে দাঁড়ায় মানুষটা, “এই দেবাজ্ঞন, আমার কিন্তু পইতে টইতে নেই। বহুকাল আগেই ওসব জলাঞ্জলি দিয়েছি। আমাকে দিয়ে ছেলের হাতেখড়ি দেওয়াতে তোমার আপত্তি হবে না জানি, কিন্তু পরমার আপত্তি নেই তো”।

দেরি হয়ে যাচ্ছে, হাতেখড়ি দেবার সময় আর বেশি বাকি নেই - লোকেশদার হাত ধরে টান মেরে ব্যস্ত স্বরে বলেছিলাম, “আরে চেনা বামুনের পইতে লাগে না। এখন তাড়াতাড়ি চল তো”।

উচ্চ স্বরে হেসে উঠেছিল লোকেশদা, “আমাকে আর বামুন বোলো না, ও সবের পালা অনেকদিন আগেই চুকিয়ে দিয়েছি”। আমার দুঃস্বপ্ন ছেলেটাকে জড়িয়ে ধরে কোলে বসিয়ে পরম মমতায় ওর জীবনের প্রথম অ-আ-ক-খ লিখিয়েছিল লোকেশদা। স্নেহের সেই চালচিত্র আজও যেন আমি চোখের সামনে দেখতে পাই।

আক্ষরিক অর্থেই নাস্তিক ছিল লোকেশদা। তাঁর মনের জগতে দেব দেবতার ঘেঁষা ঘেঁষি ভিড় কখনও দেখি নি। কিন্তু তাই বলে ধর্ম নিয়ে ছুঁতমার্গ ছিল না মানুষটার। ধর্ম তা যা আমাদের মনের ব্যাপ্তিকে ধারণ করে। লোকেশদার মনের জগতকে ধারণ করে ছিল রসায়ন, সাহিত্য, সঙ্গীত আর বিশেষভাবে নাটক।

লোকেশদার মুখেই একবার শুনেছিলাম যে নাটকই ছিল তাঁর প্রথম ভালবাসা। সেই ভালবাসায় টান পড়ে নি শেষ দিন পর্যন্ত। কলকাতার প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব কেয়া চক্রবর্তী ছিলেন লোকেশদার মাসতুতো দিদি। সেই দিদির হাত ধরেই লোকেশদার মনের জানালা খোলার আর নাটক ভালো লাগার হাতেখড়ি। শুনেছি কৈশোরে লোকেশদা শম্ভু মিত্রের কাছে বেশ কিছুদিন স্বরক্ষণ আর আবৃত্তি পাঠের তালিম নিয়েছিল। শম্ভু মিত্র নির্দেশিত ও অভিনীত ‘রাজা অয়দিপাউস’ নাটক সম্পর্কে লোকেশদার মুগ্ধতা ছিল অপরিসীমা। লোকেশদা নিজেও এই ওয়াশিংটন ডিসি অঞ্চলে মঞ্চ অভিনয় করেছে, এই অঞ্চলের বাচ্চাদের দিয়ে মঞ্চস্থ করিয়েছে একাধিক নাটক। তার মধ্যে সবথেকে উল্লেখযোগ্য ছিল সুকুমার রায়ের লেখা ‘লক্ষণের শক্তিশেল’ নাটকটা। ছোট বাচ্চাদের তালিম দিয়ে মঞ্চ মাত করা অভিনয় বাড় করে এনেছিল লোকেশদা। বলাইচাঁদ মুখোপাধ্যায় বা বনফুল-এর ‘কবয়’ ছোট গল্পকে নাট্যরূপ দিয়েছিল লোকেশদা। সমাজের বিভিন্ন স্তরের সাতটি যুবক একটিই মেয়ের পাণিপ্রার্থী। সেই মেয়েটির প্রেমের কাণ্ডাল সাতটি মানুষ তাকে একান্তে প্রেম নিবেদন করছে বিভিন্ন সময়, বিভিন্ন ভাবে। পুরো নাটকটির সংলাপ ছিল অনবদ্য কবিতায়। লোকেশদার বড় সাধ ছিল নিজের নির্দেশনায় এই নাটকটা মঞ্চস্থ করাবার। আমাকে অনেকদিন বলেছিল রিহাসাল শুরু করার কথা। শুরুর আগেই শেষ হয়ে গেল সেই নাটকের পালা।

দর্শন সমাজ সাহিত্য গান রাজনীতি - নানা বিষয় নিয়ে লোকেশদার সাথে বহু আলোচনা হয়েছে। সেই সঙ্গসুখের সুখস্মৃতি আমি বয়ে বেড়াব অনেকদিন। বহু বিষয়েই লোকেশদা আর আমি ছিলাম মতামতের ভিন্ন মেরুতে। তাই মতভেদও হয়েছে বহু, কিন্তু কখনও মতবিরোধ হয় নি। কতবার নিজের মনেই ভেবেছি যে মানুষটার সাথে এত তর্কাতর্কি হয়, কিন্তু ঝগড়া হয় না কেন?

সাত পাঁচ ভেবে একদিন কথাটা জিজ্ঞাসাই করে বসলাম লোকেশদাকে। উত্তর এল ইংরেজিতে, “We are both upfront logical individuals. You will stick to your view point and I will stick to mine. End of the day, we will both agree to disagree. তাতে ঝগড়া হওয়ার কোনও সুযোগই তো থাকে না”।

শুধু মনের জগতে নয়, পেশাগতভাবেও আমি লোকেশদার কাছে ঋণী। গ্রিন কার্ডের জন্যে অ্যাপ্লিকেশন করব, আমার ইমিগ্রেশন ল’ইয়ার ফরমশ দিল ফেডারাল গভর্নমেন্টের উঁচু সারির কোনও কমিসিট্রির বিশেষজ্ঞকে দিয়ে একটা রেকমেন্ডেশন লেটার লিখিয়ে আনতে পারলে সুবিধা হয়। ফোন করলাম লোকেশদাকে।

কথাটা বলতেই আবার সাথে সাথে রাজি, বলল “লোকেশ চাকরি সংক্রান্ত অনেক রেকমেন্ডেশন লেটার লিখেছি, কিন্তু

গ্রিন কার্ডের জন্যে কখনও তো লিখি নি। কি লিখতে হয় তাও জানি না। তুমিই একটা খসড়া লিখে দাও, আমি সাজিয়ে গুছিয়ে ঠিক করে দেব”।

পড়লাম ফ্যাসাদে, নিজের তারিফ নিজে করা সহজ কাজ নয়। অনেক মাথা খাটিয়ে, নানা রঙ চড়িয়ে লিখলাম এক রেকমেন্ডেশন লেটার। জানতাম একটু বেশি বাড়াবাড়ি করে ফেলেছি। কিন্তু উপায়ন্ত না দেখে সাত পাঁচ ভেবে পাঠিয়েই দিলাম লোকেশদাকে। যা ভয় করেছিলাম তাই হল, কয়েক ঘণ্টা বাদেই এল লোকেশদার ফোন।

ফোন তুলতেই ওপার থেকে প্রশ্ন, “এ কি রেকমেন্ডেশন লেটার লিখেছ?”

আমতা আমতা করে বললাম, “জানি একটু বেশিই লিখে ফেলেছি। তুমি একটু কেটে কেটে ঠিক করে দাও”।

মনে হল ওপারে গলার স্বরে যেন একটু হাসির ছোঁয়া “হ্যাঁ, যা করার মনে হচ্ছে আমাকেই করতে হবে। এই রেকমেন্ডেশন লেটার পাঠালে তোমার আর গ্রিন কার্ড হয়েছে”।

দিন কয়েক বাদে ই’মেনে যে পরিবর্ধিত রেকমেন্ডেশন লেটার এল, তা পড়ে আমার চক্ষু চড়কগাছ। আমার গবেষণা আর বৈজ্ঞানিক মেধার যে ফিরিস্তি লোকেশদা দিয়েছে, তাতে গ্রিন কার্ড কেন এক’আধখান নোবেল প্রাইজ পেয়ে যাওয়াও অসম্ভব নয়।

ভয়ে ভয়ে তাড়াতাড়ি ফোন করলাম, “এ কি লিখেছ লোকেশদা? এই রেকমেন্ডেশন লেটার দেখলে বাড়াবাড়ির দায়ে আমার অ্যাপ্লিকেশনই না বাতিল করে দেয়”।

আবার এল সেই স্পষ্ট স্বরের উত্তর, “যা লিখেছি, তা আর বদলাতে পারবো না। পাঠিয়ে দাও, দেখাই যাক না কি হয়”।

মনে দ্বিধা নিয়ে পাঠিয়ে দিয়েছিলাম সেই রেকমেন্ডেশন লেটার, হয়েও গিয়েছিল গ্রিন কার্ড। ফোন করে ধন্যবাদ জানানোর চেষ্টা করতেই লোকেশদা নিরাসক্ত গলায় প্রসঙ্গান্তরে চলে গিয়েছিল। উপকার করে সেই উপকার ভুলে যাবার মধ্যে যে বড় মনের ছাপ আছে, তা সেদিন বিলক্ষণ দেখেছিলাম লোকেশদার মধ্যে।

সেটা ছিল গত অগাস্ট মাসের মাঝামাঝি। বাড়িতে কিছু বন্ধু বান্ধবকে ডেকেছিলাম একসাথে একটু খাওয়া দাওয়া গল্প গুজব করব বলে, আমন্ত্রন জানিয়েছিলাম সপরিবার লোকেশদাকেও। রোগের প্রকোপে আর তীব্র ওষুধের দহনে লোকেশদার শরীর তখন নেহাতই খারাপ। কিন্তু নিরাস করে নি লোকেশদা। সেই দুর্বল শরীর নিয়েও হাসিমুখে এসেছিল আমাদের বাড়ি। ক্ষীণ স্বরে আলাপচারিতায় মেতেছিল অন্য অভ্যাগতদের সাথে। সামান্য কিছু খাবার মুখেও দিয়েছিল।

যাবার আগে জিজ্ঞাসা করেছিল, “দেবাজ্ঞান, সেই যে বইটার কথা বলেছিলে, সেটা আছে না কি হাতের কাছে?”

মনে পড়ে গেল, আমার সংগ্রহের একটা বই লোকেশদাকে পড়তে দেব বলে প্রতিশ্রুতি দিয়েছিলাম। সুধীর চক্রবর্তীর লেখা

গ্রাম বাংলার লোকায়ত ধর্ম নিয়ে গবেষণামূলক সেই বইটার নাম ‘গভীর নির্জন পথে’। তাড়াতাড়ি বইটা এনে দিয়েছিলাম লোকেশদার হাতে, বলেছিলাম “যখন শরীর ভালো লাগবে, তখন একটু একটু করে পোড়ো। বইটা তোমার কেমন লাগল, পরে একদিন আলোচনা করব”।

সে সুযোগ আর হয়ে ওঠে নি। দিন কয়েক বাদেই হাসপাতালের রোগশয্যা ঠাই নেয় মানুষটা। শুনেছি বইটা নাকি সাথে করে নিয়ে গিয়েছিল হাসপাতালে। সেই বই পড়া

বোধহয় শেষ হয়েছিল লোকেশদার।

সেই মঙ্গলবার অফিসে বসেই খবর পেয়েছিলাম যে লোকেশদা বিশেষ ভালো নেই। তাড়াতাড়ি হাসপাতালে পৌঁছে দেখি মানুষটার রোগশ্রান্ত জীর্ণ শরীরটা বিছানায় আধশোয়া হেলান দিয়ে আছে। চারপাশে পরিবার আর বন্ধু গুনমুগ্ধদের ভিড়। কিন্তু সকলকে ফেলে লোকেশদা পাড়ি দিয়েছে কোনও এক গভীর নির্জন পথে।



অভিযোগ

রঞ্জিত দাশগুপ্ত

মার্কিন মুলুক আতঙ্কিত
সন্ত্রাসীদের ডরে,
শত শত সৈন্য পাঠায়
রুখতে হানাদারে।

আফগানি আর ইরাকিরা
ভয়ে জড়সড়,
আবার কখন বোমা পড়ে
নেইকো রেহাই কারো।

পরমহংস বলে গেছেন
ধর্ম সবই ভালো,
শুনছে কে তা করছে শুধু
আকাশটাকে কালো।

সত্যি যদি ধর্ম এমন
বিভেদ জাগায় ভবে,
গীতায় কেন বলে তবে
ধর্মেরই জয় হবে?

প্রতি বছর পূজো করি
দিই না তো আর বাদ,
তবে কেন ধর্ম নিয়ে
চলছে এই বিবাদ?

তুমি না কি করো মাগো
দুষ্টের দমন,
কোথায় তবে অস্ত্র তোমার
কোথায় তোমার শাসন?

SARABHAI TO CHANDRAYAAN-2: FOLLOWING ISRO'S JOURNEY IN SPACE & TIME

Sanghamitra Dutta

Recently, our esteemed alumnus, dear Dhruvada, asked me if I could write about Chandrayaan-2 for Praktoni. My immediate thought was that I am not involved in that ISRO mission -- so what can I write that others do not know already!? However, during my subsequent conversation with him and a couple of other alumni, the idea arose of sharing some stories about NASA and ISRO, and the collaboration between the two agencies from my NASA Headquarters vantage point. That is the genesis of this article.

In this day of communication and Google and access to 24 hour global news coverage, we hear from experts in any field -- be it science, literature, medicine, politics etc. Given that information about NASA, such as *'one third of NASA's workforce is of Indian origin'*, often times comes from unknown experts or unreliable sources (NASA does not release national origin information about its workforce), permit me to first share a bit of my personal journey, so that you know the source of this article.

I have heard many people say that working for NASA was a dream ever since they were in school or college or their parents worked for NASA. My story is somewhat different. I still remember the moon-landing as a big event when I was a high school student in India. I was well aware of the US space program and the space race between Russia

and the US. After finishing my PhD in Physics in the US, I got busy working on a problem that many others have also faced -- finding two faculty positions in the same University. That was not to be and I ended up with a job at the NASA, Goddard Space Flight Center in Greenbelt. I didn't quite know what I was getting in to, and was just thankful to have a job in the same city where my husband has a University faculty position that he dearly enjoys to this day. But now, looking back at my past 27 years at NASA, and thinking of the many projects I have worked on, including NASA's flagship mission, James Webb Space Telescope (JWST) which is simply known as the *bigger and better Hubble*, I realize how lucky I am to have been afforded this incredible experience.



I moved to NASA Headquarters more than 10 years ago and my current responsibilities include being the Program Executive for a large mission that is being developed in partnership with ISRO. It is called the NASA-ISRO Synthetic Aperture RADAR mission, NISAR for short, and it has brought me close to ISRO and the prestigious Indian space program. I have learnt a lot about these two extraordinary organizations, and am excited to share some of those 'discoveries' with you. I will begin with a little bit of history of NASA and ISRO, follow that with my take on collaboration between the two agencies. I will conclude with my personal view of the future of collaboration in space.

Origin of ISRO

Dr. APJ Abdul Kalam, former President and the Missile Man of India, once said "Dream is not the thing you see in sleep but is that thing that doesn't let you sleep". The Indian space program was the dream of a young physicist and industrialist, Dr. Vikram Sarabhai. The history of the Indian Space Research Organisation (ISRO) is the story of the vision and leadership provided by Dr. Sarabhai over a short life span of only fifty two years. Born in the family of a wealthy Industrialist in Gujrat, he studied in England at the University of Cambridge and later pursued research in astrophysics under Nobel Laureate Sir CV Raman at the Indian Institute of Science, Bangalore. After a short time in India, he went back to England and subsequently received his doctorate from the University of Cambridge in 1947. He returned to India soon after and felt the need to get involved in science and technology development in newly independent India, and founded the Physical Research Laboratory (PRL) in his own residence in Ahmedabad to support cosmic ray and upper atmosphere research.



Dr. Vikram Ambalal Sarabhai

Sarabhai was convinced about the need for having a space program for independent India. However, Space research was not on the top of the national priority list for the newly liberated India. Sarabhai was smart, he was young and was charismatic, and kept pushing his vision. While continuing his cosmic ray research in India and becoming a leader in the field, he started spearheading a project with a group of scientists across the globe to study the Earth's magnetic equator. The group concluded that the measurements could be made using instruments in space. The instruments or payloads could be launched using sounding rockets. Sarabhai immediately started thinking about building the instruments and setting up a Rocket Launching Station in India for launching sounding rockets. His dream came true in 1962 with establishment of the Indian National Committee for Space Research (INCSR). The INCSR was later

renamed and transformed into what is known today as ISRO.

Origin of NASA

Just a few years before India was starting its Space program, the United States Congress and the President felt the need for establishing a robust space program for national defense, and formed the National Advisory Committee for Aeronautics (NACA). On October 4, 1957, the Soviets made history by sending the first artificial satellite into orbit, called Sputnik. The space race began. NASA was a direct result of the Sputnik 'crisis'. National Aeronautics and Space Administration, or NASA, was born from NACA on October 1, 1958 with an annual budget of \$100 million. It invested mostly in civil aerospace research and development.

On May 25 1961, President John F. Kennedy announced "I believe that this nation should commit itself to achieving the goal, before this decade is out, of landing a man on the Moon and returning him safely to

Earth." NASA's first high profile project, Mercury, was used to

learn about human survivability in space. Soon came Project Gemini which was initiated to prepare and perfect the technologies needed for a human trip to the Moon. Gemini was followed by Project Apollo, a national priority for the US to demonstrate to the world its scientific and technological superiority. Although NASA's manned missions got the lion's share of public attention and glory, its unmanned missions have kept making breakthrough advances in science and technology. For example, *Hubble Space Telescope* and its subsequent *Servicing Missions* are among the most technologically advanced science missions that NASA has flown to date.

Early days of cooperation between NASA and ISRO

While NASA was busy achieving its own goals, Sarabhai was determined to give the Indian space program a strong head start. With his industrial background and a strong desire for using global

resources, he was not hesitant to request NASA to train a handful of young Indian engineers. Four young engineers, hand-picked by Sarabhai, were sent to Washington DC to be trained by NASA. They returned to work on telemetry and launch of sounding rockets to conduct science experiments as envisioned by Sarabhai. Thumba Equatorial Rocket Launching Station (TERLS) was established in 1963 in Kerala. The launch of the first sounding rocket from Thumba on 21 November 1963, marked a historic milestone for the Indian Space Program. Sounding rockets are one or two stage solid propellant rockets used for probing the upper atmospheric regions and for space research. Sarabhai was the major player in establishing a collaborative relationship with NASA. Besides initiating space research in India, he also helped develop nuclear technology for defense purposes in India. Although his primary involvement was with scientific research, Sarabhai realized the need for professional management education in India and was instrumental in setting up the Indian Institute of Management in Ahmedabad in 1962.

Rocket Technology Development by ISRO

In the early days, sounding rockets were imported from Russia and France. Shortly after, ISRO started developing solid propellant technology for building their own sounding rockets. It did not take too long before the first indigenously built sounding rocket was launched in 1965. Development of rocket science and technology in India marched forward at full throttle. After 50 years, on July 15, 2015, ISRO celebrated the 100th consecutively successful launch of the Sounding rocket from TERLS. It demonstrated the extraordinary level of quality control and reliability built into this tiny rocket. During those 50 years, bigger and better launch vehicles emerged to satisfy ISRO's need to launch its own satellites for science and applications.

Satellite Launch Vehicle-3 (SLV-3) was India's first experimental satellite launch vehicle. It was an all solid four stage vehicle, capable of placing 40 kg class payloads in Low Earth Orbit (LEO). The first successful launch of SLV-3 was on July 18, 1980 from Satish Dhawan Space Centre, also known as SHAR, making India the sixth member of an exclusive club of space-faring nations. Polar Satellite Launch Vehicle (PSLV) is the third generation launch vehicle of India. It is the first

Indian launch vehicle to be equipped with liquid fuel stages. After its first successful launch in 1994, PSLV has emerged as a reliable and versatile workhorse launch vehicle for India. As of May 2019, PSLV has completed 48 launches, 45 of which have been successful. It can take up to 1,750 kg of payload to Sun-Synchronous Polar Orbits of 600 km altitude. Incidentally, PSLV successfully launched two well-known payloads - Chandrayaan-1 in 2008 and Mars Orbiter Mission (MOM) in 2013 - that traveled to the Moon and the Mars, respectively. Other notable PSLV launches include launching its payloads into two different orbits and successfully carrying and deploying a record 104 satellites in the sun-synchronous orbit. Geosynchronous Satellite Launch Vehicle Mark II (GSLV Mk II) is the largest *operational* launch vehicle developed by India so far. GSLV's primary payloads are mostly communication satellites that operate from Geostationary Earth Orbits (GEO). GSLV Mk III is the latest series of heavy lift launch vehicles developed by ISRO and is designed to carry 4-ton class of satellites into Geosynchronous Transfer Orbit (GTO) or about 10 tons to Low Earth Orbit (LEO), which is about twice the capability of the GSLV Mk II. ISRO initiated its Human Space program in 2018 per direction from Prime Minister Modi and GSLV MKIII is being used in preparatory launches for this program. To remind ourselves, GSLV Mk III successfully injected Chandrayaan-2, India's second Lunar Mission, into Earth Parking Orbit on July 22, 2019. India by now had proved to be capable of building very reliable launch vehicles that are necessary for launching earth observing satellites, and at low cost, and this caught NASA's attention.

Renewed Cooperation between NASA and ISRO

In 2007 the US National Research Council committee on *Earth Science and Applications from Space* recommended a NASA mission to measure changes in land, ice and vegetation structure, called DESDynI (Deformation, Ecosystem Structure, and Dynamics of Ice). A study team of scientists and engineers came up with a mission concept which turned out to be prohibitively expensive to implement. The team started exploring partnership opportunities with other international partners to come up with an affordable means of implementing the DESDynI mission.

Thus, in 2012-2013, was born the NISAR mission – a dual frequency (L- and S-band) Synthetic Aperture RADAR (SAR) mission in partnership with ISRO which is the reincarnation of NASA's DESDynI mission. The agreement for the mission implementation, signed in 2014 by the NASA administrator and ISRO Chairman, specified the contributions by NASA and ISRO in detail. According to the agreement, NASA's contributions will include an L-band SAR while ISRO's contribution will include an S-Band SAR. The other major contributions from ISRO included the Spacecraft Bus and the *launch vehicle* to place the satellite into orbit. The mission concept would not have come to fruition without the partnership of NASA and ISRO.

The Project teams from NASA's Jet Propulsion Laboratory (JPL) and ISRO's Space Application Center (SAC) in Ahmedabad and URRao Space Center (URSC) in Bangalore have been working tirelessly (almost 24 hours a day taking advantage of the time difference between the continents) from mission concept design and interface definition to building flight hardware now. NISAR mission is the first major collaboration between NASA and ISRO and is expected to be launched in early 2022 from India using GSLV MKII. It is a learning experience for both NASA and ISRO starting from negotiating workshare agreement following International Traffic in Arms Regulation (ITAR) to its present status. NASA and ISRO are looking forward to the successful completion of NISAR which will serve as the pathfinder for future collaboration.

ISRO is collaborating with NASA on Chandrayaan-2 though NASA's *Deep Space Network (DSN)* support. NASA and ISRO are intimately linked for ISRO's human space flight program and through mutual interest in solar physics, planetary physics, astrophysics and NASA's *Disaster Response Program* and next generation Earth observing missions.

Globalization and the Future of Collaboration in Space

As the Program Executive for the NISAR mission, I am intimately involved in the NASA-ISRO

collaboration ever since the beginning of DESDynI and NISAR. I have had the opportunity of observing the difference in work culture and the process differences between NASA and ISRO. The governance structure and the budget processes are very different for the two agencies, as is the management philosophy and structure. I try to bridge this divide and improve mutual understanding using my understanding of Indian culture and norms and my NASA experience. There is much that NASA and ISRO can learn from each other, and I see it as my role to nurture that mutual appreciation and learning and not let differences win the day.

Space missions are expensive and resources are getting tighter. The more we collaborate amongst different nations, the more we can leverage each other's comparative strengths to reach mutually desirable goals. No one country has a monopoly on resources or talent, so collaboration is increasingly necessary. However, collaboration is viable only when it based on mutual interest and is strengthened by the unique expertise that each team brings to the table. Space exploration can no longer afford to be a competitive exercise – it now demands collaboration. What Sarabhai dreamt about the future of space program in free India, ISRO is carrying forward with strong support from its government. ISRO's Space program has contributed to the fields of medicine, education, weather forecasting, disaster responses, telecommunication and satellite surveillance. And to continue with the space activities ISRO has in its pocket, missions like Chandrayaan-1 and -2 (with a successful lunar Orbiter), human space program, Mars Orbiter, Aditya-1 (Solar mission) and GAGAN (Constellation of Indian navigation satellites), which would fulfill India's science and primarily technology driven and application oriented space program goals. Founded by great visionaries and staffed by stellar scientists and engineers, ISRO has carved a place of distinction for itself in the world of space exploration and I fully expect it playing an increasingly significant role in harnessing the benefits of space science and technology for human kind and development of India.

REMEMBERING AN OLD FRIEND

Tanuka Endow

A tall lanky youth with glasses, clad in long kurta and trousers, a 'jhola' hanging from his shoulder – that is how we knew the Abhijit Vinayak Banerjee in our college days, or 'Jhima' as he was known to everyone. We were classmates in Presidency college, Economics department, the 1978-81 batch. Jhima's father Professor Dipak Banerjee was the Head of the Department, a colourful personality about whom stories still abound.

Despite being the HOD's son, or perhaps because of it, Jhima was teased quite a bit by his classmates, but he took it sportingly. A friendly person, he was quite 'one of us', yet no one was ever in any doubt about his academic brilliance. He also was an eclectic reader, a great aficionado of classical music, being used to attending all-nighters at the famous Dover Lane Music Conference in Kolkata.

We had another Abhijit in class – Abhijit Pathak. He, too, was a very bright student and both Abhijits scored neck to neck in class tests. Yet there were never two more dissimilar answer scripts. While Abhijit Pathak's answers were crisp and succinct, and he rarely needed extra sheets, we all knew Jhima would ask for several extra sheets and submit a well-sized answer script at the end of the test! Yet the wisdom of our professors evident by the way the merit of both styles of response was judged resulting in competitive scores. No wonder

Presidency, with its stellar professors, has been the cradle for such names as Meghnad Saha, Satyendranath Bose and Satyajit Ray, to name just a few!

Jhima went on from Presidency to JNU in Delhi at post-graduate level and later on got PhD from Harvard University. His work, along with that of



Dr. Abhijit Vinayak Banerjee

Esther Duflo and Michael Kremer, won the Nobel Prize in Economics 'for their experimental approach to alleviating global poverty'. The Randomised Controlled Trial, a method inspired by experiments in a controlled environment in laboratories, is used for generating what is known as 'hard evidence', so that evidence-based

interventions can be made to make a real difference to poverty. The RCT is a trial in which the subjects are randomly assigned to one of two groups: one is an experimental group which is receiving the intervention being tested and the other is the control group. The differences in outcome in the two groups are analysed to assess the effectiveness of the intervention. Books authored/edited by Jhima, along with others, include 'Poor Economics', 'What the Economy Needs Now' and most recently, 'Good Economics for Hard Times'. Finally, I have to say that anyone can guess at how proud I feel at an old friend's astounding achievement and that I wish him many, many more successes in life.

নাইটক্লাব

সোমনাথ বক্সী

সূর্যাস্ত হয়ে গিয়েছে অনেকক্ষণ হলো। সন্ধ্যের আবহা অন্ধকারে এদিক ওদিক বিচ্ছিন্নভাবে শুয়ে বসে রয়েছে আমরা ক'জন। হাইল্ডমার্শ-এর পাঁচিলের এধারে যেকটা গেট রয়েছে তার ফাঁক দিয়ে ওপাশের রাস্তা দিয়ে চলা স্কুটার কি অন্য গাড়ির আলো আমাদের গায়ে এসে পড়ছে মাঝে মাঝে। একটু আগেই প্রচন্ড ক্লাস্তিতে প্রায় ভেঙে পড়ছিলো শরীরগুলো। এখন আবার আস্তে আস্তে স্পন্দন ফিরে আসছে। সামুদা ওর ক্যামিসের ব্যাগটা থেকে একটা জলের বোতল বেড় করে আমাদের কাছে নিয়ে এলো। আজ সামুদা নিজে নামেনি। হাঁটুতে নাকি চোট আছে। ওর ডান হাঁটুটা মাঝে মাঝেই ভোগায়। তবে ওর মতো চল্লিশ বছর বয়সে পৌঁছলে ওই হাঁটু ছাড়াও আরো অনেক প্রব্রম যে আমাদের মাঠে নামতে দেবে না, সে বিষয়ে আমি নিশ্চিত। ঘাসে পিঠ দিয়ে শুয়ে আকাশের দিকে তাকিয়ে এইসবই ভাবছিলাম।

লিটুদা একবার ডাক দিলো “সোম এবার ফিরবে তো, চলো।” নাহ, সত্যি অনেক রাত হতে চললো। কোনোরকমে উঠে সাইকেলটা নিতে গ্যালারির পিছনদিককার অন্ধকার জায়গাটার দিকে পা বাড়ালাম। নাইটক্লাব-এর পালা আজকের মতো শেষ।

আমি আর শুভ জয়েন করার প্রায় বছর দশেক আগে থেকেই নাইটক্লাব চলে আসছে শুনেছি। রেলওয়ে ওয়ার্কশপ-এ চাকুরীরত কিছু প্রাক্তন ফুটবল খেলোয়াড় এই ক্লাবের প্রতিষ্ঠাতা। কাঁচরাপাড়াকে অনেকেই চেনেন এখানকার রেলওয়ে ওয়ার্কশপের জন্য। আমাদের এলাকার অনেকেই এই ওয়ার্কশপে চাকরি পেয়েছিলেন খেলার সুবাদে। আনন্দের কথা হলো, যে খেলার জন্য তাদের চাকরি, সেই খেলাকে ভুলে যাননি এদের অনেকেই। বিকেল ৫টায় কারখানার সিটি বাজলে এই মানুষগুলোই তাড়াতাড়ি কাজ শেষ করে চলে আসতেন হাইল্ডমার্শ-এ। দুপুর থেকে এতক্ষন প্র্যাকটিস করছে যে ট্রাক

এন্ড ফিল্ড-এর ছেলেমেয়েগুলো, তারা এবার স্ফল্ট দিয়ে ফেরা শুরু করতো। তাই মাঠে ওই ট্রাক-এর মাঝেই খেলার জায়গা পাওয়া যেত। অন্যসময় হাইল্ডমার্শ ভারী ব্যস্ত। এদের সকলেই সকালে কারখানা যাওয়ার সময় নিজেদের ব্যাগে খেলার পোশাক নিয়েই বাড়ি থেকে বের হতেন। আর কেউ একজন নিয়ে আসতেন বল। চটপট চেঞ্জ করে তাড়াতাড়ি মাঠে নামলেও, বেশিরভাগ দিনই খেলার শেষার্ধ হতো অন্ধকারে। তাই নাম নাইটক্লাব।

তবে আমরা যখন নাইটক্লাবে খেলা শুরু করি, তখন শুধু কারখানার এই প্রাক্তনী খেলোয়াড়রাই নয়, আরো অনেক স্থানীয় ফুটবলাররাই নিজেদের কাজ শেষ করে মাঠে আসতেন দিনের শেষে একটু পায়ের বলের ছোঁয়া পেতে। কৈশোর আর যৌবনের খেলাধুলার উন্মাদনা ছেড়ে বাস্তবে নামতে হয়েছে সবাইকেই। খেলার জন্য চাকরি

“ধন্যবাদ! এক শীতের রাতে বাস্কে শুয়ে আছি- কাজাকস্থানের কোথাও এক বন্দি ক্যাম্পে। মুখোমুখি বাস্কে প্রতিবেশীর সঙ্গে গল্প করছি। এমন ঠান্ডা যে ঘরের ভেতর বালতির জল জমাট বরফ। আমরা আমাদের ছেঁড়া জামা কাপড়, ন্যাটা সবকিছু জড়িয়ে রয়েছে। বাইরেটা হিমে জমাট। খিদেয় পেট চোঁ চোঁ, কিন্তু আমরা গল্প করছিলাম। কীসের গল্প? ফেলে আসা বউ বাচ্চার গল্প, যারা জার্মানদের সঙ্গে রয়ে গেছিল। পুরনো সুদিনের গল্প। শান্তি ফিরে আসবার পরে কি করব তার গল্প। একটাই কাজ সবার মাথায়, খাওয়া। সব রকম রোস্ট ও কেক শেষ করে নুডল দিয়ে মুর্গির সুপ, তারপর কিমা ভরা দোলমা, মুর্গির চর্বিতে ভাজা পেঁয়াজ আর কাটলেট। খানিকক্ষণ সব চুপচাপ, সাড়াশব্দ নেই। প্রতিবেশীকে কিছু জিজ্ঞেস করলাম, কোনও উত্তর দিল না। ঘুমিয়ে পড়েছে নাকি? একটু কান পেতে শুনলাম। এমনিতে ওর নাক ডাকে; নাকের ভেতরে ব্রণ আছে। কিন্তু এখন অস্বাভাবিক রকম নিস্তব্ধ। কী হল দেখতে বাস্কে থেকে নামলাম, লোকটা মারা গেছে। এই কথা বলছিল, আর মরে গেল!” “ভয়ানক!”

“আরে আপনি কাঁদছেন কেন? এই-ই হল মানুষ, সৃষ্টির মাথার মণি। আমার ধারণা আমরা সবাই নাৎসি। নাহলে একটা নিরীহ বাছুর কেটে খাবার কী অধিকার আছে আমাদের? ছুরি হাতে যার সেই জন্মাদ। হিটলার যা বিশ্বাস করত, জোর যার মুন্সুক তার। আর ভগবান? সে তো নাৎসির বাবা নাৎসি। কউর হিটলার-পত্নী। সবার চাইতে ক্ষমতা বেশী, তাই সবার ওপরেই অত্যাচার করে। দেখুন আমি অবিশ্বাসী নই। নরক আছে, আছে তো বটেই। লোকেরা শুধু এই জগতেই ভুগবে কেন? এর পরেও অনন্তকাল অত্যাচার চলবে তো। ঈশ্বরের নিজের ত্রেয়িকা রয়েছে, শয়তান, দত্বি, দানো, রাফস, খোফস, বামন, যমদূত সুদ্ধা বেচারি পাণীদের পোড়ানো, জিভ বা স্তন থেকে ঝুলিয়ে রাখা তাদের কাজ। শান্তির লিস্টে সব বেশ পরিষ্কার লেখা আছে। কিন্তু স্বর্গ বলে কিছু নেই। মরবার কথায় আমি একেবারে আসল নাস্তিক।”

রেব বেরিশ চিবোনো বন্ধ করলেন “জগতের সৃষ্টিকর্তা এরকম নিষ্ঠুর হবেন কেন?”

“হবেন-ই বা না কেন? হাতে বড় মুগুর, ব্যবহার করেন। আমাদের দিয়েছেন তোরাহ, যার নিয়ম কেউ রাখতে পারে না। যে সে ছোট খাটো র্যাবাই নতুন নতুন নিয়ম জুড়ে যাচ্ছেন- তার যে কোনও একটা ভাঙলে পরের জন্মে সাপ হবেন। খ্রিস্টানদের মতে স্বয়ং ভগবানও নিজের ছেলেকে ত্রুশের ওপর বলি না দিয়ে মানব উদ্ধার করতে পারেন নি, অর্থাৎ কোন এক ভাবে রক্ত চাই-ই।” “নাও, কিছু খাও। বেশী কথায় শুধু জিজ্ঞাসা বাড়বে।”

“খাচ্ছি তো, কি করছি নাহলে! শুধু খাওয়া ছাড়া আর কিছু তো বাকী নেই আমার। এখানে আমেরিকায় মেয়েগুলো কোন কাজের নয়। সত্যি কথা বলতে কি কোথাও আর কোনও ভালো মেয়ে নেই। আমার সময়ে তখনও কিছু সতী স্বামী বউ দেখা যেত। এখন সে জাতটাই উপে গেছে। আমি যা সব দেখেছি দেখলে আপনার সাদা দাড়ি আবার কালো হয়ে উঠত।”

“থাক! ও আমি শুনতে চাই না।”

“ক্যাম্পের কথা নয়, সেখানে তো মেয়েগুলি অসহায়। প্রাণের ভয়ে মানুষ সব পারে। এক মাকে শুনেছি নিজের মেয়েকে এক খোস পাঁচড়াওলা ইউক্রেনিয়ানের কাছে বিক্রি করার জন্য সাধাসাধি করতে লোকটা যাতে সুপের বাটিতে একটু বেশি দানা দেয়। মেয়েটা তা করেওছিল; নাৎসিরা জানতে পেরে তিনজনকেই খুন করল। এসব ঘটনা মনে খুব একটা দাগ কাটত না, দেখে অভ্যেস হয়ে গেছিল। আমি কিন্তু এর চাইতেও খারাপ জিনিষ দেখেছি। ছাড়া পাবার পর কাউকেই জোর করা হত না কিন্তু তবু তারা পাকি ডুবে থাকবে। আমরা তিনটে পরিবার এক ঘরে শুতাম। এক কোণে এক মহিলা এক চাষার সঙ্গে সঙ্গমে লিপ্ত, আর এক কোণে তার বোনও তাই করছে। লজ্জার বালাই নেই। সবাই মিলে এক সঙ্গে উকুন পরিষ্কার করে সবাই মেলে একসঙ্গে শোয়া; ওরা আবার মোমের আলোয় এগুলি করতে ভালবসত।”

“তুমি চূপ করবে? আমি শেষবার সাবধান করছি।”

“আপনি কি সত্যি কে ভয় পান?”

“এগুলি শেষ সত্য নয়। পাপ হল ফেনার মত। একটা গ্লাসে বিয়ার ঢাললে মনে হয় গ্লাস ভরা কিন্তু তার তিন ভাগের দু ভাগ-ই ফেনা। ফেনা মরে গেলে থাকে শুধু তিন ভাগের একভাগ। পাপকাজ-ও সেরকম, বুদবুদের মত ফাটে।” “বাঃ, ভালো বলেছেন তো! আপনার নিজের কথা?” “এক র্যাবাই এর কাছে শোনা।”

“কথাটা সুন্দর। কিন্তু আমি বলি সবই নোংরা। পাক ছাড়া আসলে কিছু নেই। আপনার র্যাবাইয়ের মনেও পাক; দাড়ি, লম্বা জুলপি, ঝালরওলা জোন্সার আড়ালেও মানুষটা মেয়ে ভালবাসে। সুন্দরী এক বউ না থাকলে ছুটত বেশ্যাবাড়ী।”

“পাষও ইরাইলের বিশ্বাসঘাতক!” “নিজেকে তো আমি সাধুপুরুষ বলছি না। যা করতে পারি করি। আমার কাছ থেকে কি আশা করেন? যাক সে কথা, আপনি আবার বিয়ে করছেন না কেন? স্বাস্থ্যটা আছে এখনও। সাদা কোন মেয়ের সঙ্গে আপনাকে এক মিনিটের জন্যও একা ছাড়া যাবে না।”

রেব বেরিশ একটু গোঙানির আওয়াজ করলেন। এক হাত মুঠো করে তবিলের উপর রেখে অন্য হাতে দাড়ি থেকে খাবার গুঁড়ো বাছতে বাছতে বললেন - তুমি মেয়েদের নিয়ে যচ্ছেতাই

বলছ। কিন্তু আমার ফেইগে মালকে, তার আত্মার শান্তি হোক, সতীস্বামী ছিলেন। পরপুরুষের দিকে চোখ তুলে তাকাতে না পর্যন্ত। একবারে আমার মা ঠাকুরমার মত। পুরনো দিনে মেয়েদের শালীনতা সম্বন্ধে কি জান হে ছোকরা? ওয়ারস’তে এক নামকরা মহিলাকে খুনের দায়ে ফাঁসিতে ঝোলাল। বনেদী ঘরের এক বৃদ্ধ সাধুপুরুষের স্ত্রী। ওরা যখন গুঁকে টেনে হিঁচড়ে ফাঁসিকাঠের দিকে নিয়ে যাচ্ছে, পাছে গুঁর পোশাক হাঁটুর ওপর উঠে গিয়ে গুঁকে লজ্জায় ফেলে, উনি পোশাকটাকে পায়ের সঙ্গে আটকে দিয়েছিলেন পায়ের ভেতর দিয়ে পিন ফুটিয়ে। গুঁকে তারা সে ভাবেই ফাঁসিতে ঝুলিয়েছিল।” “আপনি ছিলেন সেখানে?”

“অন্যেরা ছিল। আমার নিজের পিসি ডেবরা তেইশ বছর বয়সে বিধবা হলেন। আর বিয়ে করেন নি তিনি। এক বিশাল বড়লোকের সঙ্গে তাঁর সম্বন্ধ আনা হয়েছিল; উনি বললেন “আমার যোরাক’এর কাছে স্বর্ণে আমি শুদ্ধ পবিত্র অবস্থায় যেতে চাই।”

“আপনি কি মনে করেন উনি সেখানে গুঁর কাছে রয়েছেন?”

“হ্যাঁ! আমি তাই মনে করি।” “যোরাক নেই সেখানে; আপনার পিসী ও নেই। এক মুঠো ধুলো ছাড়া কিছু নেই। বৃথাই কষ্ট করেছেন - মরিস মেলনিকের তো তাই ধারণা। আমাদের শহরে এক বড়লোক ছিল, রেব চাদোক; পতিত মানুষ। সে মারা গেল বিধবা বউয়ের হাতে বিরাট সম্পত্তি রেখে। ঠিক ছ’মাস পরে সে চাজকেলে স্কাব নামে এক গোমূর্খ কসাইকে বিয়ে করল। কসাইয়ের পাটায় তার প্রেমে পড়েছিলেন তিনি।”

“তা সবই সম্ভব। সবই পচা।” মরিস মেলনিক চূপ করল। একটা চায়ের চামচ নিয়ে সেটাকে ডিশের ধারটায় ব্যাল্যান্স করে রাখতে চেষ্টা করল। চামচটা কেঁপে হাতলের দিকটা নামতে আরম্ভ করতেই মেলনিক ভারসাম্য বজায় রাখতে সেটার মাথায় একটু নুন ঢেলে দিল। নীচের ঠোঁট দাঁতে চেপে একটা চোখ বড় করে খোলা, অন্য চোখটা বন্ধ, যেন চোখ টিপছে। যেন ও মনে করছে চামচটা কোন দিকে চলবে তাই দিয়ে ছুনিয়ার ভাগ্যের গতি ঠিক হবে। রেব বেরিশ মাথা নাড়লেন, যেন এক পুরনো পরিচিত সত্য মেনে নিচ্ছেন, যেটা সন্দেহ সত্ত্বেও নৈরাশ্য জাগায়। দাড়ির এক গোছা হাতে তুলে পরীক্ষা করলেন, যেন নিশ্চিত হতে চাইলেন সেটা সাদাই আছে তো! তারপর বললেন - যে কৃমি/পোকা ক্রেদের মধ্যে ডুবে আছে, তার বাইরে যে প্রাসাদ, বাগান, ঝর্ণা আছে তা জানবে কি করে?

কথায় বলে, দেয়ালের ছারপোকা বলনাচে যায় না। তুমি পৃথিবী নিয়েই বকবক করছ কিন্তু তারা, নক্ষত্রমণ্ডল, জ্যোতির্বলয় শুদ্ধ এক স্বর্ণ রয়েছে। সেখানে আছে দেবদূত, দেবদেবী, পরী, জ্যোতির্ময় রথ। এসবের তুলনায় আমাদের ছোট্ট জগতটা এক মুঠো ধুলো বই তো নয়! কিছু

পবিত্র স্কুলিঙ্গ আছে কিন্তু লুকোনো। কাদার মধ্যে মাঝে মাঝে হীরে পাওয়া যায়। এই সব ময়লার মাঝেই আছেন বাল শেম, র্যাবাই এলিমেলেক, এক বেরডিচেভের, একজন কোটসকের। ওঁরা এলেন কোথেকে? আমার নিজের ঠাকুরদার রেব খেইম সন্তপুরুষ ছিলেন। পঞ্চাশ বছর সোম আর বৃহস্পতিবার উপবাস পালন করেছেন। শীত গ্রীষ্ম নেই, প্রতি মধ্য রাত্রে উঠে মন্দির ধ্বংস হবার শোক করতেন। নিজের শেষ কপর্দকটিও দান করে গেছেন। আমি নিজের চোখে দেখেছি।”

রেব বেরিশ নিজের ঝালরের কাপড় ঢাকা বুকো চাপড় মারতে আরম্ভ করলেন। তাঁর মুখ আরও লাল হয়ে উঠল, দাড়ি কাঁপতে লাগল, বললেন: “তুমি ভুল ভাবছ মেলনিক। কিন্তু দুঃখে কষ্টে

ভুগবার সময়ে কারও বিচার করা ঠিক নয়। আমি প্রার্থনাটুকু শেষ করি।” একটা গ্লাস থেকে একটু জল ঢাললেন। ভেজা হাত টেবিলরূখে মুখে উচ্চৈঃস্বরে আবৃত্তি আরম্ভ করলেন: তুমি আশীর্বাদপূত হে আমাদের প্রভু, হে ঈশ্বর, বিশ্বের রাজা যিনি সমস্ত জগতকে মঙ্গলময় করেন তাঁর মহিমা ও প্রেমময় করুণা দিয়ে.....”

ঠিক সেই মুহূর্তে ছোট্ট চামচটা ডিশের মধ্যে চলে পড়ল। মরিস মেলনিকের হলদে চোখদুটো হাসিতে ভরে উঠল। ও উঠে দরজার কাছে গেল, নিজের মনেই বলল: “যাই দেখি মেয়েগুলি কি করছে!”

ইসাক বেশেভিস সিঙ্গার - নোবেল পুরস্কৃত (১৯৯১) সাহিত্যিক



মানুষ

শুক্রা গাঙ্গুলি

একটাই উপন্যাস লিখে চলেছি
বিগত অর্ধ শতক - ক্লাস্তিহীন
টুকরো টুকরো অক্ষর
আর শব্দ নামে হঠাৎ
মায়ায় থাকে বহু মাপের - অক্ষাংশ
আর দ্রাঘিমার ভূগোল
মস্ত চাতাল জুড়ে ছেলেমেয়েরা
এককা দোককা খেলে দল বেঁধে
ধুলো মাখা পায় পায়সান্ন খায় তৃপ্তিতে
দুটি কেঠো হাত মসুনতা খোঁজে-
কিছু জালি পায়রা গোলাপী ঠোঁটে শব্দ তোলে
বাসী খবরের কাগজ-একপাশে
সব লেখাই যদি উল্টো হয় আজ -
পৃথিবীর কোথাও যুদ্ধ নেই
হানাহানি নেই বিভাজন নেই
মানুষের সন্তান হোক যথার্থই
মানুষের মত।।

IN SEARCH OF “THAKURBHAI” – STORIES FROM THE LIFE AND TIMES OF A FORGOTTEN INDIAN RENAISSANCE SCIENTIST

Santanu Dutta

Prologue



This is the bizarre story of the life of, arguably, India's leading organic chemist in the thirties and forties. Dr. Sikhibhushan Dutt, compatriot and personal friend of Profs.

Meghnad Saha, Satyen Bose and S.S. Bhatnagar, was erased from public view and memory at the peak of his career by the vindictive politics of Delhi University, a campaign planned and initiated by the last British Vice Chancellor, Sir Maurice Gwyer. The campaign was pursued enthusiastically for over a decade by a sycophant university administration long after Sir Maurice had left. Prof. Saha got involved in the conflict and took Dr. Dutt's side, as did the students of the university, who went on strike. Finally, Dr. Dutt was expelled from the university on trumped up charges but was recently reinstated with full recognition in an equally bizarre and unexpected manner. It is also the story of some amazing research he did alone in his attic in Delhi, while driven out of the the mainstream of Indian science by Delhi University.

The Story

In the Bengal of early to mid-twentieth century, the honorific title, “thakur,” was often applied to senior relatives. Given that “bhai” means brother, “thakurbhai” would mean a very senior elder-brother, most likely the eldest brother. However, a literal meaning could be applied by interpreting “thakur” as God. This was particularly

applicable to my eldest maternal uncle, the late Dr. Sikhibhushan Dutt, who was held in god-like awe and reverence by many of his six brothers and four sisters owing to his legendary academic achievements.

I got interested in researching his life for three main reasons. The first was that I was brought up on fairytale-like stories of his achievements but never really knew the man, having met him only once. The second was my experience when I did meet him, which I recount later. The third was a curiosity about the lives and attitudes of the famous, Calcutta/Dhaka University scientists who essayed the renaissance of Indian science. My research was done mostly via the web – long live Google. In the process, I uncovered aspects of his life that were unknown to his own family. Sikhibhushan counted stalwarts like Meghnad Saha, Satyen Bose and S. S. Bhatnagar among his compatriots and personal friends. In 1921, when Bose was discoursing with Einstein on quantum statistics from Dhaka University, which led to the formulation of Bose-Einstein statistics, Dutt at Dhaka College, was filling the Proceedings of the Royal Institute of Chemists in London with his publications, even before he got his doctorate. These scientists were imbued with three cardinal characteristics – a can do anything attitude, outspokenness and fiery nationalism. These were also manifest in Sikhibhushan – unfortunately, the latter two costing him dearly later in life.

Now for Sikhibhushan's formal credentials: His B.Sc and M.Sc (Chemistry) degrees were from Calcutta University, although obtained from Dhaka College. For B.Sc, he was awarded the Gangaprasad Gold Medal for scoring the highest marks in Chemistry in 1919, and the prestigious Premchand Roychand Scholarship (PRS), which

comes with the Mouat Medal, on the basis of his M.Sc result. The latter created a record in the annals of Calcutta University which stood for many years. Acharya P.C. Ray tried to get him the Ishan scholarship but was unsuccessful as it is reserved for arts students.

The following are the meeting minutes of the Royal Chemical Society on January 17, 1924. It refers to his work at Imperial College for which he was awarded a D.Sc. The reference to Sikhibhushan's religion (Hindu) is interesting as it reflects the then British practice/policy to identify/classify Indians by religious affiliation. Jocelyn Thorpe in the below notice was his Ph.D research supervisor. Thorpe, knighted in 1939, was one of England's leading organic chemists at the time and is internationally renowned. Sikhibhushan has several publications with Thorpe.

By 1929, he was back in India and had joined Allahabad University as a professor of Chemistry. By this time, he had already established himself as an expert on the chemistry of dyes, as evidenced by 15 papers in the Proceedings of the Royal Chemical Society in London. The acknowledgement in one of the

papers states [CCLXXIX.—The constitution of Indian Kamala. Part I, *J. Chem. Soc., Trans.*, 1925,127, 2044-2052]: "The greater part of this work was done in the Laboratories of the Dacca College and the Dacca University during 1921 - 23. My best thanks are due to Mr. Nirmal Kumar Sen for

help in preparing the large quantities of rottlerine and to Dr. E. R. Watson and Dr. P. C. Ghosh for their kind encouragement during the progress of the work." The fact that experimental work done at an Indian university was considered worthy of publication in a leading Western science journal speaks to the estimation in which Calcutta and Dhaka universities were held in those days.

19	PREMCHAND ROYCHAND STUDENTS	
1918	*Bhattacharyya, Mohinimohan	Presidency College
"	*Mitra, Panchanan ...	Ditto
"	*Ghosh, Jnanendrachandra ...	Ditto
1919	*Bandyopadhyay, Pramathanath	Ditto
"	*Acharyya, Dhireschandra ...	University Student
"	*Bhattacharyya, Haridas ...	Scottish Church College
"	*Saha, Meghnad ...	Presidency College
1920	*Chattopadhyay, Nirmalchandra	University Student
"	*Datta, Nalinaksha ...	Ditto
"	*Thomas, Roy Rowland ...	Scottish Church College
"	*Sinha, Jogischandra ...	Presidency College
"	*Dhar, Sasindrachandra ...	Ditto
"	*Mukhopadhyay, Jnanendranath	University Student
1921	*Bandyopadhyay, Indubhushan	Ditto
"	*Chakrabarti, Prabhatchandra	Ditto
"	*Chattopadhyay, Satischandra ...	Ditto
"	*Datta, Subimalchandra ...	Ditto
"	* " Abanibhushan ...	Ditto
"	* " Snehamay ...	Presidency College
1922	* " Binodbihari ...	Ditto
"	*Majumdar, Nanigopal ...	University Student
"	*Sinha, Jadunath ...	Ditto
"	*Chakrabarti, Brajendranath ...	Presidency College
"	*Guha, Praphullachandra ...	University Student
"	*Sen, Nripendranath ...	University Student, Presidency College
"	Bhar, Gurudas ...	University Student
1923	*Ray, Bidhubhushan ...	University Student, Presidency College
"	*Datta, Sikhibhushan ...	University Student, Dacca College
"	*Ray, Hemchandra ...	University Student
"	*Brahma, Nalinaksha ...	Ditto
1924	*De, Hirendralal ...	University Student, Presidency College
"	*Sen, Sukumar ...	University Student
"	*Dasgupta, Bhanubhushan ...	University Student, Scottish Church College
"	*Das, Sarojkumar ...	University Student, Presidency College
"	*Bardhan, Jogendrachandra ...	Ditto

One of Dr. Dutt's papers [A theory of colour on the basis of molecular strain. The effect of chromophoric superposition, Sikhibhushan

Dutt *J. Chem. Soc.*, 1926,129, 1171-84] must have been seminal as it is referenced and elaborately argued against by Nobel Laureate C. V. Raman [The relation between colour and molecular

structure in organic compounds, *Indian J. Phys.* 4 57-78 (1929)]. The preeminence of Dutt as an authority in colors and dyes was clearly well

Ordinary Scientific Meeting, Thursday, January 17th, 1924, at 8 p.m., Professor W. P. WTNNE, D.Sc., F.R.S., President, in the Chair.

CERTIFICATES OF CANDIDATES FOR ELECTION AT THE BALLOT TO BE HELD AT THE ORDINARY SCIENTIFIC MEETING: ON THURSDAY, FEBRUARY 21st, 1924.

DUTT, SIKHIBHUSHAN, 21, Cromwell Road, South Kensington, S.W. 7. Indian, Hindu. Research Student in Organic Chemistry in the Imperial College of Science and Technology, South Kensington, under Prof. Thorpe. Published 10 original papers in Organic Chemistry on synthetic dyestuffs, either singly or jointly, during the years 1921, 1922, and 1923, in the *Journal of the Chemical Society*. Some more are in course of publication. (Signed by) Jocelyn Thorpe, M. A. Whiteley, G. A. R. Kon.

established by that time. The prolific publishing continued after he joined Allahabad University where, at about the same time, his friend, Dr. Meghnad Saha, was a professor of Physics. They were neighbors. According to my mother, my uncle was also an avid gardener. A typically reverential story I heard from her was that, each year, Thakurbhai used to win the highest prize for Chemistry research and growing roses in Allahabad. The following excerpt shows that she was close to the mark, at least for Chemistry research.

Announcement.

The Education Minister's Gold Medal has been awarded to Dr. Sikhibhushan Dutt, D.Sc. (Lond.), Chemistry Department, Allahabad University, Allahabad, his papers having been judged to be the best published on 'Chemistry and Technology' in the *Journal of the Academy*.

In 1944, he was appointed Professor and Head of Chemistry at Delhi University, which was the beginning of a dark and bizarre period in his life. Delhi University was, at the time, trying to grow up from being a smaller university relative to the leaders like Calcutta, Madras and Allahabad. According to newspaper reports, he was selected from among 44 candidates, including the person, Dr. Sheshadri, who later superseded him as part of a 10-year plot of vindictive, political machinations by the University, initiated by the well-known Vice Chancellor, Sir Maurice Gwyer.

Sir Maurice had taken the Vice Chancellor's job after retiring from being Chief Justice of the highest court in the land (Federal Court of British India). By my uncle's account, he was "a patronizing, imperialist Tory" (practically a clone of Winston Churchill with respect to attitude towards India and Indians), and given to intense nepotism. Given his own background, Prof. Dutt felt instant antipathy towards him. After his first meeting with V.C. Gwyer, where he was regaled for two hours with patronizing small talks, Prof. Dutt refused to engage in further socialization with him and would only meet him for official purposes. He

was advised by other faculty that he would not be able to survive if he did not "pay his respects" to Sir Maurice, but Prof. Dutt did not care.

During the tumultuous days of the transfer of power in 1947, Sir Maurice returned to the safety of England. However, he was brought back after India's independence by the then Governor General, Dr. Rajagopalachari, his friend from the days when Gwyer was the Chief Justice and Rajagopal was a Senior Advocate. The University faculty (with Prof. Dutt playing an active role) had lobbied for Acharya Kripalani. However, they were unsuccessful. Like Lord Louis Mountbatten, Sir Maurice Gwyer kept his job in India after Britain's transfer of power.

After getting back in harness, Sir Maurice made it his business to get rid of his arch enemy, Prof. Dutt. This was done through a nefarious plan that was hatched by Gwyer but executed by handpicked sycophants like Dr. S. N. Sen, the Rector of the University, over a period of more than a decade. The court battles continued long after Gwyer had left India in 1952 as a result of objections raised in the Indian Parliament over



Picture from article "A professor's flight for justice in Delhi University, published in Morning Echo, July 23, 1977, showing Sir Maurice Gwyer, the then Vice-Chancellor of Delhi University with Dr Dutt and Dr S. S. Bhatnagar, formerly Director, CSIR.

some of his actions. The removal of Professor Dutt started with appointing a professor from Andhra University, Dr. T. R. Sheshadri, as a

professor in a newly created special position, higher than that of Professor Dutt, and

then demoting him and making Sheshadri the department head of Chemistry. Finally, the University expelled Prof. Dutt on trumped up charges of misconduct, which failed in court trials lasting two decades.

The students of the University went on strike to support their favorite professor (unknown in the annals of Indian universities). Prof. Sheshadri was met with black flags. The media, including The

Statesman, cried foul and carried long articles about university's intrigue and vendetta. The court battles that followed are mind boggling and have become part of legal precedence in Indian employment law [ndiankanoon.org/doc/263521]. One of them was Dr. Meghnad Saha's arbitration award to Prof. Dutt stating that Delhi University was wrong on all counts (demotion and expulsion), had unduly harassed Prof. Dutt and that he should be reinstated as the Professor and Head of Chemistry. This was done at a time when Dr. Saha was a member of the Planning Commission and the Parliament. Nevertheless, the Supreme Court stayed the award on the technical ground that Dr. Saha had overstepped his role as an arbitrator by "making an award", as that interfered with the extant employment contract. The court did not contest the claim of unfair treatment by Dr. Saha.

Appeals to the President were made but were evaded -- some applications were claimed to have been "lost" by his staff. Finally, an out-of-court settlement of sorts was made, far less in amount than the claims which the courts had opined were justified but unable to enforce due to existing laws.

What emerges is the truism that an ex-colonial like Sir Maurice, under the umbrella of an Indian administration, can be a greater tyrant than under his own (British) administration. It is not hard to imagine what would have happened to Sir Jagadish Bose, one of his mentors, had he been in my uncle's shoes and tried to replicate his famous protest act of refusing to draw salary because he was being paid less than an English professor in the same college (Presidency College, Calcutta -- the Cambridge of India in those days).

This brings us to the next phase in the life of Sikhibhushan - which is probably the most amazing. The information here is based on my personal knowledge from having met him in 1970 and corresponded with him for a few years thereafter. By that time, I had heard another strange story about my legendary uncle -- that he was "making" transistors (the component, not the radio) at home and constructing radios from them. I was then a student of electronics at IIT Kharagpur and was visiting Delhi as part of an industry-exposure tour. Accompanied by two

classmates, I went to his home to both meet him and learn about his work.

My uncle and his family welcomed me and my friends with great warmth, although this was practically the first time they were seeing me. My uncle related stories of how, back in Narayanganj, my mother liked to go on walks with him by the river. Then we got to discussing his transistor work. He started by showing us voluminous papers in German that he had published in an East German magazine (Naturwissenschaften from Dresden). He was surprised that we had not learned German. Apparently, this was common among students studying science during his time (nineteen twenties). No wonder, the first English translation of Einstein's work came from Dhaka University, essayed by Profs. Bose and Saha.

The history of the work runs as follows. My uncle had many varied interests and one of them was criminology. One day he got a call from an old British friend, owner of an insurance company (Lancashire Insurance), which had insured a cotton mill in India. The company, Bhilwara Cotton Mills, had filed a claim for a godown that had burnt down. The insurance company wanted my uncle to investigate if this was a case of deliberate arson. My uncle did his due diligence and opined that it was a case of auto-ignition, in which bales of cotton can autonomously undergo a rise in temperature (owing to chemical reaction) and catch fire. This greatly pleased the mill owner. He threw a lavish dinner, where he boasted that his mill could never be struck by lightning as there was a temple on a hill above the mill which always attracted the lightning strikes. My uncle, being secular, did not believe that; he theorized that the hill must have some good conducting stones (although the stones are mostly known to be poor conductors) and asked a few bags of the stone to be sent to his lab at Delhi University. The mill owner was glad to oblige. At the time, he was still in service, so he did not have much time to investigate the stones.

After being forced out of the University, he had plenty of time on his hand. He had built a radio receiver using crystals for one of his daughters. This was popular among electronic hobbyists. These radios were commonly known as "cat's whisker" radios as the two wires connected to the

germanium crystal resembled cat's whiskers. One problem with these radios, if one had assembled the cat's whisker device at home, was that the functioning of the radio depended on exact placement of the wires at certain sensitive points on the crystal. Constant tweaking of the wires was required. His daughter asked him if he could make a radio that did not require constant tweaking. This remark triggered memories of the Bhilwara electric stones. He asked a loyal peon of the lab to send him a few bags of the stones.

The first thing he did when he got his hands on the stones was to measure their electrical properties with home electronic meters. The results astounded him. He found that not only were the stones better conductors of electricity than most stones, but the conducting properties were asymmetrical - meaning that you would get a different amount of current flowing through two random points on the stone, depending on the polarity of the voltage applied. This is precisely what a diode does, including those of the cat's whisker variety. He immediately realized that some kind of semiconducting effect was in play.

Not content with simply observing an unexpected physical effect, my uncle started literally producing tiny wafers of the stone at home and, at first, making point contact diodes with them. This was extremely tedious and time consuming as it was done by hand-filing - all by himself with no lab assistants. He did all this in a small room in a mezzanine floor of the house. He theorized that the diodes were being caused by naturally occurring deposits of ferro-silicon in the grain boundaries of volcanic rock. Silicon is a semiconductor, so the diode-like rectification property was not unexpected. However, he clearly knew enough about the operation of transistors, which had just been invented a few years back in 1947 in the Bell Labs, earning a Nobel Prize for the inventors, to realize that if you had at least two diodes (or "semiconductor junctions" in technical parlance) in close proximity there was a high likelihood of a *naturally occurring transistor in the stone* (unheard of to this day). To me, what was amazing was that we were talking to an organic chemist, however brilliant, not an electrical engineer. No such thought would go through my mind relative to biological effects - I would

probably not even recognize an unusual biological effect if I encountered one.

He turned out to be exactly right. When he started prodding around with three wires instead of two, he found transistors galore (a transistor involves three wires and two adjacent semiconductor junctions). So, this was a case of *mining naturally occurring transistors instead of manufacturing them* under carefully controlled conditions, involving expensive facilities such as "clean rooms". Not all transistors are alike -- they have different electrical characteristics that make them suitable for different functions in a product like a radio. My uncle got busy measuring the electrical characteristics of his transistors, which he had named RS (Rajasthan Stone) transistors. He found that, simply by random selection, he could harvest a sufficient variety of transistors to build a complete radio receiver.

On the way, he built himself various apparatus that you would find in a commercial lab, such as the facility for taking photographs of the wafers in polarized light. He also spent some time in researching and improving conventional solders as those available in the market were unsuitable for attaching wires to the stone wafers. He mentioned all this casually, like just clearing some brush out of a forest path. There are echoes here of the insistence of Prof. Satyen Bose that research students should *build* the necessary lab apparatus if it is not readily available - it should not be an excuse to hold up research.

The wafers with three attached wires were housed in little metal cans, making them indistinguishable from commercially available transistors of the fifties and sixties (unlike the tiny integrated circuit chips of today which house millions of transistors). I presume that, initially, he built conventional AM radio receivers with them. By the time I met him in 1970, he had completely changed the receiver circuitry to something that bore little resemblance to a normal (3-stage superheterodyne) circuit. He told us that when he looked at the conventional circuit of an AM radio he saw no reason why it should contain so many components. So, he simply proceeded to invent a different circuit with fewer components. I never figured out what exactly he had done - he told me in one of his letters that in order to understand what he had

done, I would have to unlearn some of the traditional knowledge. I have, myself, seen and heard those radios in operation, pulling in signals from all over the world, clearly indicating short wave reception capability, which crystal radios do not have. The house was full of his homemade radios. We asked him what he had done to publicize the work. He said that he had published the work in an East German journal

(Naturwissenschaften, the German equivalent of Nature) published from Dresden - again a thoroughly bizarre

choice, given that, by that time, American and British electrical engineering journals would have been the obvious choice even for Germans. He also had thick typed reports in English which, unfortunately, I did not then take the time to study as I was too concerned about launching my own career. They appear to be lost today. He presented his work to the National Physical Laboratory in India, where he got a "not invented here (NIH)" reception. The scientists were skeptical and accused him of fraud, i.e. that he was using commercial transistors and claiming them to be his own. Nevertheless, after the meetings, they surreptitiously (without my uncle's permission) retained some of the stones, presumably for their own examination.

In the meantime, probably owing to the German exposure, he was approached by Telefunken, apparently with an invitation to migrate to Germany with his stones and work for them. The Indian Government got wind of this and declared the stones to be a "resource of national

DEPARTMENT OF CHEMISTRY			
UNIVERSITY OF DELHI			
HEADS OF THE DEPARTMENT			
S.No.	Name	From	To
1	MISS A.M. BAINS	1924	1928
2	PROF. B.D. LAROIA	1928	1941
3	PROF. S.S. BHATNAGAR	1941	1943
4	PROF. B.D. JAIN	1943	1945
5	PROF. S. B. DUTTA	1945	1949
6	PROF. T.R. SESHADRI	1949	1965
7	PROF. R.P. MITRA	1965	1970
8	PROF. B.D. JAIN	1970	1971
9	PROF. V.V.S. MURTHY	1971	1976
10	PROF. R.P. SINGH	1976	1979
11	PROF. H.C. GAUR	1979	1981
12	PROF. R.N. KAPOOR	1981	1983
13	PROF. G.B.V. SUBRAMANIAN	1983	1984
14	PROF. N.K. RAY	1984	1987
15	PROF. G.B.V. SUBRAMANIAN	1987	1990
16	PROF. S.S. CHIBBER	1990	1993
17	PROF. M. ATREYI	1993	1995
18	PROF. S. LAHIRY	1995	1997
19	PROF. M.R. PARTHASARATHY	1997	1998
20	PROF. B.S. GARG	1998	2001
21	PROF. P.N. KAPOOR	2001	2004
22	PROF. N.K. KAUSHIK	2004	2007
23	PROF. V.S. PARMAR	2007	2010
24	PROF. A.K. BAKHSHI	2010	2011
25	PROF. S.M.S. CHAUHAN	2011	2014
26	PROF. GURMEET SINGH	2014	2017
27	PROF. RAMESH CHANDRA	2017	

importance" (like the monazite sands in India containing thorium) and prohibited their export. They also placed guards at the hill in Bhilwara to prevent their mining. There is no record that the Indian Government itself pursued the possibilities. Finally, nothing came of this strange invention. I heard that my uncle's eyesight began to fail so, at some point, he must have been forced to stop the work. In retrospect, given the direction that modern electronics took -- accurately crafted, millions of transistors on a microscopic chip -- the mined, naturally occurring transistors could never have offered a viable alternative. However, the significance of the story lies in highlighting the way the Indian Government

treats its scientists, especially those that will not tow its line.

Epilogue

There is a final twist in the tail of this story, which cuts some of the bitterness in the end. Professor Ramesh Chandra, present Head of Chemistry at Delhi University, wrote a letter to President Pranab Mukherjee in 2014 drawing attention to the case of Dr. Dutt. He subsequently took some very bold steps to organize a kind of informal restitution to Prof. Dutt, and also other noted academics of Delhi University who had similarly suffered from departmental politics. He organized four memorial lectures, one honoring each of these professors; he recorded Prof. S. B. Dutt's name on the official board carrying the names of past Heads of the Chemistry Department; he also ensured that Prof. Dutt's picture would hang in the department with those of other heads. By these gracious acts, Prof. Chandra acknowledged, at least in principle, the wrong that had been done to Prof. Dutt.

মোটা আর মুটি

চন্দ্রানী রায় - সরকার

মোটা আর মুটি! বছর দশেকের সংসার। মুটি বলে ডাইনে যাবো তো মোটা বলে বামে। মুটি বলে চা খাবো তো মোটা বলে কফি। সারাদিন সবাই শোনে মুটি গলা ফাটাচ্ছে আর ভাবে, আহা মোটার কি কপাল, এমন শান্ত শিশু মানুষ, তার কপালেই জুটলো এমন রণচর্ভী। এদিকে মুটির অনেক সাজ পাঙ্গ, তারা বলে মাথা ঠাণ্ডা রাখো, একদিন ঠিক শুয়োপোকা থেকে প্রজাপতি তৈরী করতে পারবে। আগে মুটি খুব আশার আলো দেখতো, এখন ক্রমে ক্রমেই সব কিরম অন্ধকার হয়ে আসছে।

একদিন সকালে উঠে মুটি অফিস যাওয়ার তোড়জোড় করছে, দুজনের জলখাবার, লাঞ্চ, তার পর রেডি হয়ে দৌড়ে মেট্রো ধরা আছে, হটাৎ দেখে মোটা আয়নার সামনে দাঁড়িয়ে হাসি প্র্যাঙ্কিস করছে। জিজ্ঞেস করতে খুব গম্ভীর হয়ে বললো, আজ ডিপার্টমেন্ট-এ ছবি তোলা আছে তাই প্র্যাকটিস করছি। শুনাই বোমকে গেল মুটি। যে মানুষ কোনো কিছু মনে রাখে না, কোনো কিছুই যার মনে পড়ে না ঠিক সময়ে, তার হাসি প্র্যাকটিস করতে বেশ মনে আছে তো!

তবে এরম গল্প মোটার আরো আছে। মুটি চিরকালই সকালে ওঠে, ওটাই তার ছোট থেকে অভ্যাস। শীতের মরসুমে বিয়ে হয়ে এসে দেখলো মোটা ঘুম থেকে উঠে উপুড় হয়ে বিছানায় লেপ মুড়ি দিয়ে, কচ্ছপের মতন চুপ করে বসে থাকে অনেকক্ষণ। ঘুমোচ্ছে না কিন্তু, চুপ করে গুড়ি মেরে বসে আছে। বাড়ির লোকেরা দেখে যাচ্ছেন, কিন্তু কেউ উঠতে বলেছেন না, মনে হলো তাঁদের কাছে এটা আশ্চর্যের কিছু নয়, এমনটা তাঁরা রোজই দেখেন।

বেশ কয়েকবার দেখার পর একদিন মুটি জিজ্ঞেস করে জানলো, এটা হচ্ছে ঘুমের পরে বিশ্রাম। ঘুমটা ফিজিওলজি-র জন্য প্রয়োজন, কিন্তু বিশ্রামটা একান্তই মনের খোরাক। স্বেচ্ছায়, বিনা কোনো জোর জুলুমে করা হয়। এ এক অন্য ধরণের মুক্তি, ইচ্ছে হচ্ছে তাই বিশ্রাম নিচ্ছি।

মুটি খুব হৈ হৈ পছন্দ করে আর মোটা বেগম আখতার শুনতে চায় সময় পেলেই। মানুষ বাদ দিয়ে সবার সাথে তার ভাব, কাঠবেড়ালী গুলোকে এমন বাদাম খাইয়েছে যে তারা সারাদিন প্যাটিওতে বসে থাকে, গাছ পালা নষ্ট করে দেয়। মুটি কোথায় বীজ থেকে চারা বানিয়ে বাগান করে, আর কাঠবেড়ালীগুলো সব উপরে দিয়ে যায়। মুটি একদিন এই নিয়ে চিৎকার করল, খুব স্মিতস্বরে মোটা বললো, "স্বাধীন দেশ, 'land of the

brave, home of the free', তা ওরাও বোঝে"।

"তার চেয়ে বড়ো কথা গাছ মাটি ওদের natural habitat, ওদের বাধা দেওয়ার আমরা কে।

"মুটি ইদানিং কিরকম কোণ ঠাসা হয়ে পড়ছে ক্রমশ।

প্রথম থেকেই মোটার বাড়ির লোকেরাও ভাব মোটার মতন মানুষ হয়না। ইদানিং মুটির বাড়ির লোকেরাও সেই পোঁ ধরেছেন। এমন নির্বিবাদী, আপনভোলা, শান্ত মানুষ হয় নাকি? মুটি কিছুতেই বুঝিয়ে পারে না যে এই সব গুণগুলো এমনিতে খুব ভালো হলেও সবসময়ে ভালো ফল দেয় না। কিন্তু, কে শুনবে কার কথা। যেমন ধরা যাক নির্বিবাদী মানুষ। মুটির যখন একতলার এপার্টমেন্টে থাকতো, ওপরে একবার এলো এক স্প্যানিশ পরিবার। সারা সপ্তাহ মা বাবা বাড়ি থাকেন না, থাকে তাদের কলেজ পড়ুয়া মেয়ে। সারা সপ্তাহ ধরে নানান মানুষের আনাগোনা সেই এপার্টমেন্টে, কিন্তু, শুক্রবার সন্ধ্যা হলেই আর টেকার জো নেই। ধূপ ধাপ দুম দাম আর কানের পর্দা ফাটানো গান বাজনা। হাজার বলা সত্ত্বেও 'নির্বিবাদী' মোটা কিছুতেই বলতে যাবে না। এক, দু সপ্তাহ বাদে এক শুক্রবার মাঝরাতে মুটিকেই যেতে হলো। এক ধমকেই কার্যসিদ্ধি। তাহলে প্রমাণিত হলো যে বিবাদ সবসময় খারাপ জিনিস নয়।

তার উপর মানুষটা আপনভোলা। এর উদাহরণ অজস্র। এই ধরা যাক শনিবারের সন্ধ্যা, বাড়িতে অনেকের নেমন্তন্ন, মোটা last minute shopping করতে গেল। ফর্দের ওপরেই লেখা আছে disposable dinnerware আর drinks। মোটা সেগুলো বেমানুম ভুলে গেল, নিয়ে এলো, ফুল, ছোটদের জন্য চকোলেটে, chips, cookies, cupcakes.....ছোটোরা খুশি হলেও মায়েরা নারাজ। আবার দৌড়তে হলো দোকানে কারণ দরকারি জিনিস গুলোই তো আসেনি। আর শান্ত স্বভাব? মোটার মতন দুজন হলেই বাড়ির গাছগুলো, অ্যাকোরিয়ামের মাছগুলোরও ডিপ্রেসন দেখা দিতো। নেহাত মুটি সারা দিন গলা ফাটায় না হলে কি-ই যে হতো!

এদিকে মোটার ল্যাভের কচিকাঁচা গুলো মোটাকে বলে 'mice whisperer' Piper of Hamlin-এর মতোই নাকি মোটার কথায় ওঠে আর বসে ছোটো ছোটো ইঁদুরগুলো। মোটার চেহারা তখন খুশি তে গদ গদ। এটা একটা মজার ব্যাপার। সংসারের কিছুই মনে থাকে না মোটার আবার ল্যাভের কোনকিছুই মন থেকে মোছে না। বললে মোটার কারণ অচেল

- মস্তিষ্কের frontal lobe টা developed নয়, speech center- এ সমস্যা আছে, ইত্যাদি প্রতিভা।

এই ভাবেই চলছিল মোটা আর মুটির জীবন এমন সময় একদিন মোমোর আবির্ভাব হল। মোমো কি মোটা ২.০ না মুটি ২.০ সেই নিয়ে শুরু হলো প্রথম মতবিরোধ। ছবি দেখে মোটার বাড়ী, মুটির বাড়ীর সবাই আল্লাদে আটখানা হয়ে জানালো যে এক্ষেত্রে মোটা ২.০, and then some! ১০ মাসের এত কষ্ট, তার পর ৯ ঘন্টা ধরে কখনো বাবা বাছা করে কখনো ধমকে তাকে পেটের ভেতর থেকে বের করা -, সে সব বৃথা? বলে কি না মোটা ২.০? মুটি ঠিক করলো নাহঃ এই যুদ্ধটা অন্য ভাবে লড়তে হবে।

মোমোর দাদু দিদিমা এলেন, অনেক দেখে শুনে বললেন কোনোদিক দিয়েই মুটির মতন নয়। তিন সপ্তাহের বাচ্চাকে যেটুকু বোঝা যাচ্ছে, মোটার মতোই নির্বিবাদী, স্বল্পভাষী, শান্ত স্বভাবের হবে। শুনে তো মুটি ফীট হয়ে যায়। একজন মোটাকে নিয়েই হাল বেহাল আবার বলে কিনা মোমোটাও মোটার মতন হবে। মনে মনে মুটি কোমর কষলো। সব বেটাদের দেখে নেবো, দাঁড়াও কথায় না কাজে করে দেখাতে হবে।

আস্তে আস্তে মোমো বড় হচ্ছে, মুটির সাথেই সারাদিন থাকে, মুটি তাকে ঠিক নিজের মতন করে জীবন দর্শন শেখাচ্ছে, ৬-৭ বছরের বাচ্চাকে যেটুকু শেখানো যায়। মোমো বুঝেছে যে মা বাবার সংসারে বাবা বিশাল বিশাল সিদ্ধান্তগুলো নেয় যেমন Trump ২০২০ তে জিতবে কি না, impeached হবে কি না, মৌদী কেনো 'Howdy Modi!' করলো টেক্সাসে, ক্রিকেট ওয়ার্ল্ড কাপটা কি সম্পূর্ণ আধুনিক নিয়মে চলে, ইত্যাদি, ইত্যাদি। আর মা ছোট ছোট জিনিসগুলো নিয়ে ভাবে, যেমন বাজার কি হবে, রান্না কি হবে, মোমো কোন ক্লাবে যাবে, কি


বাজনা শিখবে, কতক্ষণ টিভি দেখবে, কখন ঘুমোতে যাবে, এই সব আর কি।

তবে মোটা খুব স্নেহপ্রবণ বাবা, মার হাতে বার কয়েক দমান্দম খেলেও বাবার হাতে শুধু আদরই খেয়েছে মোমো। বাবাই বরং মাঝে মাঝে মোমোর কাছে ধমক খেয়ে চুপ করে যায় আজকাল। মুটি আবার তখন গলা ফাটায়, মোটাকে উদ্ধার করার জন্য। ইকুয়েশনটা যে ঠিক কি তা মোমো বুঝতে তো পরেই না, মাথার মধ্যে গুবলেট হয়ে যায় আরো।

এক শনিবারের সকালে দেশে phone - facetime পর্ব শেষ করে মুটি রান্নায় লেগেছে, মোটা যথারিতি চায়ের কাপে ঝড় তুলে আলোচনা করার চেষ্টা করছে আজ থেকে ৫০০ বছর পর কি হবে পৃথিবীর অবস্থা। এটা মুটির মাথাটা গরম করে দেয় প্রতিবার - অরে, ৫০ বছর বাঁচবো না তো ৫০০ বছর ভেবে কি করবো। মোটা তর্ক করবেই, মুটি মোটেই ঘাড় পাতবে না। মোমো lego নিয়ে বসার ঘরেই খেলছে, খুব লক্ষ রাখছে, কিন্তু শুনছে সব। কান একদম খাড়া। হটাৎ মোটা জিজ্ঞেস করলো, "মোমো তোমার কি মনে হয়, ৫০০ বছর বাদে পৃথিবীর কি অবস্থা হবে?" মোমো lego নামিয়ে রেখে গম্ভীর হয়ে গেল একটু, ৫০০ বছর টা হয়তো মাপতে পারছে না মনের মধ্যে। মোটা বললো, "তোমার মার এসবে কোনো উৎসাহ নেই, তাই তোমাকে জিজ্ঞেস করছি"। মোমো গম্ভীর হয়ে বললো, 'Maa is the boss of this house.' 'Maa is always right.'

মোটার চোখ গোলগোল হয়ে গেল, এইটুকু মোমো এখন থেকেই কিরম টাল দেখেছো মুটির দিকে। মুটির মুখে তখন ১০০০ watt এর হাসি।

মুটি মনে মনে ভাবলো, Yes!!!! I may lose a battle but I shall win the war.



BEST WISHES
FROM
SRUTI AND DHRUBA CHATTORAJ

BEST WISHES
FROM
MRINAL K AND URMILA
DEWANJEE


BEST WISHES
FROM
SOHAN, NANDITA AND UTPAL
DASGUPTA

BEST WISHES
FROM
JAYASREE AND NITYA NATH

BEST WISHES
FROM
RADHARAMAN AND PRABHATI
RAY

BEST WISHES
FROM
RAKA AND BRATIN SAHA

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন সদস্যদের
জানাই আমাদের
আন্তরিক প্রীতি, শুভেচ্ছা ও অভিনন্দন
সুমন, মহুয়া ও রাজিত মুখোপাধ্যায়



TAALIM MUSICALS



202-510-1726

Mitali0912@Yahoo.com

ACADEMY OF INDIAN CLASSICAL MUSIC

Potomac & Germantown, MD

Group and Individual lessons offered at all levels in:

*INDIAN CLASSICAL VOCAL, SEMI-CLASSICAL,
BHAJAN, GHAZAL, GEET, BENGALI SONGS, HARMONIUM*

OUR HEARTY
GREETINGS
TO ALL MEMBERS OF
CUAA
SANKAR AND
JAYASREE
BASU

BEST WISHES TO
CUAA-DC
FROM
THE BHAR
FAMILY
TARAK, SIKHA,
RUPAM, DARLENE,
RAKESH AND
NARAH

BEST WISHES TO
ALL CALCUTTA
UNIVERSITY ALUMNI
FROM
BISWAS FAMILY
ROOPA, DHRUBA,
DEEP AND DIYA

BEST WISHES
FROM
BRAJA, PARNA,
ROMITA AND
RONIT
CHATTARAJ

BEST WISHES TO
ALL CUA-A-DC MEMBERS
FROM
DEBKUMAR
AND
PRAMITA
CHATTERJEE

MAY GOODWILL AND
PROSPERITY PREVAIL
FROM
CHATTERJEE
FAMILY
DISHA, SABARNI,
SREEJATO AND
DIGONTO

BEST WISHES TO
ALL CALCUTTA
UNIVERSITY ALUMNI
FROM
GHOSH FAMILY
MANIK, SANCHITA,
SANCHARI AND
SOUVIK

BEST WISHES TO
CUA-A-DC
SUBIR SEN



With Complements from
The Motayed Family



Newtown, Rajarhat
Kolkata 700156, WB

Upcoming New Projects

International University of
Public Health and Emerging
Technologies



Infectious Disease Research
and Treatment Center

Biotechnology Park



The above projects are made possible by the
Pradip and Kumkum Ghosh Family
Foundation, Columbia, MD